অক্টোবর ২০২৫। বর্ষ ৩০। সংখ্যা ৩৫০

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

ত্রয়োদশ সংসদ নির্বাচন রোডম্যাপ

ছাত্র সংসদ নির্বাচন

জুলাই জাতীয় সনদ

সাংহাই সম্মেলন : বিশ্বের নতুন

ফিলিস্তিনির বৈশ্বিক স্বীকৃতি

টাইফয়েডের নতুন টিকা

সৌদি-পাকিস্তান ঐতিহাসিক চুক্তি



জির উত্তাপে
নেপালে সরকার পতন




প্রাথমিক শিক্ষক নিয়োগ

বিধিমালা-বিজ্ঞপ্তি

প্রধান শিক্ষক মডেল টেস্ট

সহকারী শিক্ষক নিয়োগ প্রস্তুতি

বিশ্ববিদ্যালয় ভর্তি

স্বায়ত্তশাসিত। গুচ্ছ। জাতীয় ও DCU

বদরুদ্দীন উমরের
রাজনৈতিক অভীপ্সা

চাকরির প্রস্তুতি • ৪৭তম বিসিএসসহ ৭টি প্রশ্ন সমাধান • প্রবন্ধ ও ফিচার



# সাম্প্রতিক বিষয়ের MCQ

## বাংলাদেশ

১. জাতীয় পরিচয়পত্র (NID) পেতে সর্বনিম্ন কত বছর বয়সে নিবন্ধনের আবেদন করা যাবে?
(ক) ১৫ (খ) ১৬ (গ) ১৭ (ঘ) ১৮

২. বাংলাদেশে বাণিজ্যিকভাবে ৫-জি প্রযুক্তিসেবা চালু হয় কবে?
(ক) ১ সেপ্টেম্বর ২০২৫ (খ) ৩ সেপ্টেম্বর ২০২৫
(গ) ৫ সেপ্টেম্বর ২০২৫ (ঘ) ৭ সেপ্টেম্বর ২০২৫

৩. নবগঠিত মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষের (মিডা) প্রথম চেয়ারম্যান কে?
(ক) চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন
(খ) দেবপ্রিয় ভট্টাচার্য
(গ) কে এ এস মুরশিদ (ঘ) রেহমান সোবহান

৪. সরকার ঘোষিত 'লালন-সাঁই-এর তিরোধান দিবস' কোন তারিখ?
(ক) ১২ অক্টোবর (খ) ১৭ অক্টোবর
(গ) ৭ অক্টোবর (ঘ) ২১ অক্টোবর

৫. বর্তমানে জাতীয় চা দিবস কবে?
(ক) ৭ এপ্রিল (খ) ২১ মে
(গ) ৪ জুন (ঘ) ৫ আগস্ট

৬. গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটির বর্তমান নাম কী?
(ক) জুলাই ডিজিটাল ইউনিভার্সিটি
(খ) ইউনিভার্সিটি অব ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ
(গ) বাংলাদেশ ডিজিটাল ইউনিভার্সিটি
(ঘ) বাংলাদেশ টেকনোলজি ইউনিভার্সিটি

৭. বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয় কবে?
(ক) ২৬ আগস্ট ২০২৫ (খ) ৩১ আগস্ট ২০২৫
(গ) ১ সেপ্টেম্বর ২০২৫ (ঘ) ৫ সেপ্টেম্বর ২০২৫

৮. বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০২৩ কার্যকর হয় কবে?
(ক) ২৬ আগস্ট ২০২৫ (খ) ৩০ আগস্ট ২০২৫
(গ) ১ সেপ্টেম্বর ২০২৫ (ঘ) ২ সেপ্টেম্বর ২০২৫

৯. বাংলাদেশ ব্যাংক ডিজিটাল ব্যাংক স্থাপনের পরিশোধিত মূলধনের সীমা কত টাকা নির্ধারণ করে?
(ক) ১২৫ কোটি (খ) ৩০০ কোটি
(গ) ৪০০ কোটি (ঘ) ৫০০ কোটি

১০. ঢাকার ওয়ারীর বলধা গার্ডেনকে 'কুঞ্জবন' হিসেবে ঘোষণা করা হয় কবে?
(ক) ১০ আগস্ট ২০২৫ (খ) ১০ সেপ্টেম্বর ২০২৫
(গ) ২৯ আগস্ট ২০২৫ (ঘ) ১৫ আগস্ট ২০২৫

১১. টাইফয়েড জ্বর (Typhoid Fever) কোনটি দ্বারা সংক্রমিত হয়?
(ক) ভাইরাস জনিত (খ) প্রদাহ জনিত
(গ) ছত্রাক জনিত (ঘ) ব্যাকটেরিয়া

১২. চীনের বিনিয়োগে নির্মিতব্য বরিশাল বিভাগের প্রথম অর্থনৈতিক অঞ্চল কোনটি?
(ক) ভোলা ইকো-ডেভেলপমেন্ট ইকোনমিক জোন
(খ) পটুয়াখালি এক্সক্লুসিভ ইকোনমিক জোন
(গ) বরগুনা এক্সক্লুসিভ ইকোনমিক জোন
(ঘ) বরিশাল ফ্রেন্ডশিপ ইকোনমিক জোন

১৩. ১২ অক্টোবর ২০২৫ সম্প্রসারিত টিকাদান কর্মসূচিতে কোন টিকা দেওয়া শুরু হবে?
(ক) Hepatitis B vaccine
(খ) MMR vaccine
(গ) Inactivated Poliomyelitis Vaccine (IPV)
(ঘ) Typhoid Conjugate Vaccine (TCV)

১৪. বাংলাদেশ জেলের নাম পরিবর্তন করে কী রাখার উদ্যোগ নেওয়া হয়েছে?
(ক) National Correction Services
(খ) Bangladesh Correction Institute
(গ) Correction Services Bangladesh
(ঘ) Bangladesh Correction Services

১৫. ২০২৫ সালের সেপ্টেম্বরে পাঁচটি শরিয়াহভিত্তিক ইসলামী ব্যাংককে একীভূত করে কী নামকরণ করা হয়?
(ক) সমন্বিত ইসলামী ব্যাংক (খ) সেন্ট্রাল ইসলামী ব্যাংক
(গ) বাংলাদেশ ইসলামী ব্যাংক (ঘ) ইউনাইটেড ইসলামী ব্যাংক

১৬. 'জাতীয় যুব উদ্যোক্তা উন্নয়ন নীতিমালা ২০২৫' অনুযায়ী যুব উদ্যোক্তা বলতে কত বছর বয়সি যুবদের বোঝায়?
(ক) ১৮-৩৫ বছর (খ) ১৯-৩৬ বছর
(গ) ২০-৩৭ বছর (ঘ) ২১-৩৮ বছর

১৭. বাংলাদেশ টেলিভিশনের 'নতুন কুঁড়ি' অনুষ্ঠানের নাম রাখা হয় কবি গোলাম মোস্তফার কোন কবিতা থেকে?
(ক) কিশোর (খ) প্রার্থনা
(গ) পল্লী মা (ঘ) শিশুর পণ

১৮. জাতীয় সংসদ নির্বাচনে নিবন্ধিত প্রবাসী ভোটারগণ কোন পদ্ধতিতে ভোট দিতে পারবেন?
(ক) ই-ভোটিং (খ) প্রক্সি ভোটিং
(গ) পোস্টাল ব্যালট (ঘ) উপরের সবগুলো

১৯. 36 Hours of Betrayal ডকুমেন্টারি ফিল্ম কোন পটভূমিতে নির্মিত?
(ক) ছাত্র-জনতার অভ্যুত্থান (খ) পিলখানা হত্যাকাণ্ড
(গ) জুলাই গণহত্যা (ঘ) শাপলা হত্যাকাণ্ড

২০. প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস থেয়ারওয়ার্ডের 'আনলক বিগ চেঞ্জ অ্যাওয়ার্ড' পান কবে?
(ক) ২৪ সেপ্টেম্বর ২০২৫ (খ) ২৫সেপ্টেম্বর ২০২৫
(গ) ২২ সেপ্টেম্বর ২০২৫ (ঘ) ২০ সেপ্টেম্বর ২০২৫

**উত্তর**

| | |
|---|---|
| ১. | খ |
| ২. | ক |
| ৩. | ক |
| ৪. | খ |
| ৫. | খ |
| ৬. | খ |
| ৭. | ক |
| ৮. | গ |
| ৯. | খ |
| ১০. | ক |
| ১১. | ঘ |
| ১২. | ক |
| ১৩. | ঘ |
| ১৪. | গ |
| ১৫. | ঘ |
| ১৬. | ক |
| ১৭. | ক |
| ১৮. | গ |
| ১৯. | খ |
| ২০. | গ |

মিসর সোমালিয়া দখল করে ১৮৭৫ সালে

**২১. ২০২৫ সালে দ্বিতীয়বারের মতো আগা খান পুরস্কার লাভ করেন কে?**
(ক) সুহেলি ফারজানা (খ) খন্দকার হাসিবুল কবির
(গ) মুস্তাফা মনোয়ার (ঘ) মেরিনা তাবাশ্যুম

**২২. ২০২৫ সালে মেরিনা তাবাশ্যুম কোন প্রকল্পের জন্য আগা খান স্থাপত্য পুরস্কার লাভ করেন?**
(ক) আশ্রয় (খ) মানবিক বাড়ি
(গ) কমিউনিটি হাউজিং (ঘ) খুদি বাড়ি

## আন্তর্জাতিক

**২৩. ফ্রান্সের বর্তমান প্রধানমন্ত্রী কে?**
(ক) লরেন্ট ফ্যাবিয়াস (খ) এমানুয়েল মাখোঁ
(গ) সেবাস্তিয়ান লেকর্নু (ঘ) ফ্রাঁসোয়া বাইরু

**২৪. যুক্তরাজ্যের প্রথম নারী মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রী কে?**
(ক) নাদিয়া শাহ (খ) শাবানা মাহমুদ
(গ) নুস ঘানি (ঘ) উম্মে সুলাইম

**২৫. ২৭ আগস্ট ২০২৫ থেকে মার্কিন বাজারে ভারতীয় পণ্যের রপ্তানি শুল্ক কত শতাংশ?**
(ক) ২৫% (খ) ৪০% (গ) ৫০% (ঘ) ৫৫%

**২৬. G7-এর কোন দেশ প্রথম ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?**
(ক) কানাডা (খ) যুক্তরাজ্য (গ) জাপান (ঘ) ইতালি

**২৭. Global Governance Initiative (GGI) বা বৈশ্বিক শাসনব্যবস্থা উদ্যোগ-এর প্রবক্তা কে?**
(ক) এমানুয়েল মাখোঁ (ফ্রান্স) (খ) ভ্লাদিমির পুতিন (রাশিয়া)
(গ) সি চিন পিং (চীন) (ঘ) ডোনাল্ড ট্রাম্প (যুক্তরাষ্ট্র)

**২৮. ২০২৬ সালের মার্চ থেকে কোন দেশের স্কুলের শ্রেণিকক্ষে মোবাইল ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা কার্যকর হবে?**
(ক) দ. কোরিয়া (খ) জাপান (গ) চীন (ঘ) ইরান

**২৯. যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নতুন নাম কী?**
(ক) Ministry of Defence (খ) Department of War
(গ) Department of Armed Forces
(ঘ) Ministry of National Defence

**৩০. বিশ্বের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) মন্ত্রীর নাম কী?**
(ক) ডিয়েলা (খ) ডেভিন (গ) টং টং (ঘ) আয়ন সেন্টিয়া

**৩১. নেপালের প্রথম নারী প্রধানমন্ত্রী কে?**
(ক) সুশীলা কার্কি (খ) বিদ্যা দেবী ভান্ডারি
(গ) শৈলজা আচার্য (ঘ) অনুরাধা কৈরালা

**৩২. তুরস্কের তৈরি প্রথম হাইপারসনিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের নাম কী?**
(ক) Typhoon Block-4 (খ) Fattah
(গ) Avangard (ঘ) Zircon

**৩৩. এডিস মশার লার্ভার ঘনত্ব পরিমাপের সূচক হলো—**
(ক) PM2.5 (খ) Footprint
(গ) Breteau Index (BI) (ঘ) Incidnce

**৩৪. ফিলিস্তিনের দখলকৃত পশ্চিম তীরে ইসরায়েলের বিতর্কিত বসতি প্রকল্পের নাম কী?**
(ক) A1 (খ) B1 (গ) D1 (ঘ) E1

**৩৫. LEED বা সবুজ কারখানার সার্টিফিকেশন প্রদান করে কোন সংস্থা?**
(ক) EPA (খ) USGBC (গ) BGMEA (ঘ) ISO

## সম্মেলন-বৈঠক

**৩৬. ২০২৫ সালের এপেক শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?**
(ক) ৩১ অক্টোবর-১ নভেম্বর (খ) ১-২ নভেম্বর
(গ) ২-৩ নভেম্বর (ঘ) ৩-৪ নভেম্বর

**৩৭. ২০২৫ সালের এপেক শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?**
(ক) অকল্যান্ড, নিউজিল্যান্ড (খ) ব্যাংকক, থাইল্যান্ড
(গ) গিয়ংজু, দক্ষিণ কোরিয়া (ঘ) লিমা, পেরু

**৩৮. ২০২৬ সালে SCO রাষ্ট্রপ্রধানদের ২৬তম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?**
(ক) আস্তানা, কাজাখস্তান (খ) বিশকেক, কিরগিস্তান
(গ) দুশানবে, তাজিকিস্তান (ঘ) সমরখন্দ, উজবেকিস্থান

**৩৯. ২০২৫ সালে কোয়াড সপ্তম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?**
(ক) যুক্তরাষ্ট্র (খ) ভারত (গ) জাপান (ঘ) অস্ট্রেলিয়া

## রিপোর্ট-সমীক্ষা

**৪০. Lloyd's List'র 'One Hundred Ports 2025' তালিকা অনুসারে বিশ্বের ব্যস্ততম কন্টেইনার বন্দর কোনটি?**
(ক) সাইনস, পর্তুগাল (খ) শেনজেন, চীন
(গ) সাংহাই, চীন (ঘ) গুয়াংজু, চীন

**৪১. Lloyd's List'র 'One Hundred Ports 2025' তালিকা অনুসারে চট্টগ্রাম বিশ্বের কততম ব্যস্ততম কন্টেইনার বন্দর?**
(ক) ৬৭ (খ) ৬৮ (গ) ৬৯ (ঘ) ৭০

**৪২. WIPO প্রকাশিত 'বৈশ্বিক উদ্ভাবনী সূচক (GII) ২০২৫'-এ শীর্ষ দেশ কোনটি?**
(ক) সুইডেন (খ) সুইজারল্যান্ড (গ) যুক্তরাষ্ট্র (ঘ) সিঙ্গাপুর

**৪৩. WIPO প্রকাশিত 'বৈশ্বিক উদ্ভাবনী সূচক (GII) ২০২৫'-এ বাংলাদেশের অবস্থান কত?**
(ক) ১১০ (খ) ১১৬ (গ) ১০৫ (ঘ) ১০৬

## ক্রীড়াঙ্গন

**৪৪. বাংলাদেশের প্রথম নারী আম্পায়ার হিসেবে বিশ্বকাপে আম্পায়ারিং করবেন?**
(ক) রোকেয়া সুলতানা (খ) সাথিরা জাকির জেসি
(গ) ডলি রানী (ঘ) চম্পা চাকমা

**৪৫. ২০২৫ সালের ইউএস ওপেনে পুরুষ এককে শিরোপা জয়ী কে?**
(ক) কার্লোস আলকারাজ (খ) রাফায়েল নাদাল
(গ) ইয়ানিক সিনার (ঘ) ফেলিক্স অগার-আলিয়াসিম

**৪৬. ২০২৫ সালের ইউএস ওপেনে নারী এককে শিরোপা জয়ী কে?**
(ক) সেরেনা উইলিয়ামস (খ) নাওমি ওসাকা
(গ) অ্যারিনা সাবালেঙ্কা (ঘ) আমান্দা আনিসিমোভা

**৪৭. ওয়ানডেতে রানের হিসাবে (৩৪২ রানে) সবচেয়ে বড় ব্যবধানে জয় কোন দেশের?**
(ক) শ্রীলংকা (খ) ইংল্যান্ড (গ) ভারত (ঘ) দক্ষিণ আফ্রিকা

**৪৮. ICC'র বর্তমান সদস্য সংখ্যা কত?**
(ক) ১০৬ (খ) ১০৮ (গ) ১১০ (ঘ) ১১২

**৪৯. আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) সর্বশেষ সদস্য দেশ কোনটি?**
(ক) ফিলিস্তিন ও সিরিয়া (খ) চীন ও ফ্রান্স
(গ) ইরান ও ইরাক (ঘ) পূর্ব তিমুর ও জাম্বিয়া

**৫০. ২০২৫ সালের ব্যালন ডি'অর লাভ করেন কে?**
(ক) লিওনেল মেসি (খ) রোনালদো
(গ) উসমান দেম্বেলে (ঘ) লামিনে ইয়ামাল

**উত্তর**

| | |
|---|---|
| ২১. | ঘ |
| ২২. | ঘ |
| ২৩. | গ |
| ২৪. | খ |
| ২৫. | গ |
| ২৬. | ক |
| ২৭. | গ |
| ২৮. | ক |
| ২৯. | খ |
| ৩০. | ক |
| ৩১. | ক |
| ৩২. | ক |
| ৩৩. | গ |
| ৩৪. | ঘ |
| ৩৫. | খ |
| ৩৬. | ক |
| ৩৭. | গ |
| ৩৮. | খ |
| ৩৯. | খ |
| ৪০. | গ |
| ৪১. | খ |
| ৪২. | খ |
| ৪৩. | ঘ |
| ৪৪. | খ |
| ৪৫. | ক |
| ৪৬. | গ |
| ৪৭. | খ |
| ৪৮. | গ |
| ৪৯. | ঘ |
| ৫০. | গ |

সোমালিয়ার নামকরণ ইজিপসিয়ান সোমালিল্যান্ড করা হয় ৭ সেপ্টেম্বর ১৮৭৭

# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন: 'অপারেশন প্যাসিফিক এঞ্জেল ২৫-৩' কোন দুই দেশের যৌথ মহড়া?
উত্তর: বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র।

প্রশ্ন: বাংলাদেশে প্রথমবারের মতো 5G চালু করে কোন দুটি মোবাইল অপারেটর?
উত্তর: গ্রামীণফোন ও রবি আজিয়াটা লিমিটেড।

প্রশ্ন: 'দেখার হাওর' কোন জেলায় অবস্থিত?
উত্তর: সুনামগঞ্জ।

প্রশ্ন: শক্তিশালী বৃষ্টিবলয় 'ঈশান-২'-এর নামকরণ করে—
উত্তর: বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিম (BWOT)।

প্রশ্ন: বঙ্গভ্যাক্স ভ্যাকসিন আবিষ্কার করে কোন প্রতিষ্ঠান?
উত্তর: গ্লোব বায়োটেক।

প্রশ্ন: ২৭ আগস্ট ২০২৫ চালু হওয়া জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় সাশ্রয়ী কোল্ডস্টোরেজ প্রযুক্তির নাম কী?
উত্তর: ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ।

প্রশ্ন: বাংলাদেশের রাজনৈতিক অর্থনীতি বইটির লেখক কে?
উত্তর: উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান।

প্রশ্ন: সম্প্রতি পরিবেশবান্ধব ছত্রাকনাশক উদ্ভাবন করেন কোন বিশ্ববিদ্যালয়ের গবেষকরা?
উত্তর: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি)।

প্রশ্ন: দেশের প্রথম রোবটিক রিহ্যাবিলিটেশন সেন্টার আনুষ্ঠানিক চালু করা হয় কবে?
উত্তর: ৩১ আগস্ট ২০২৫।

প্রশ্ন: ICT Development Index (IDI) 2025-এ বাংলাদেশের স্কোর কত?
উত্তর: ৬৪.৯। (সূচকে ১৬৪টি দেশের বৈশ্বিক গড় স্কোর ৭৮)

প্রশ্ন: ADB'র প্রতিবেদন অনুযায়ী, খেলাপি ঋণে এশিয়ায় শীর্ষে রয়েছে কোন দেশ?
উত্তর: বাংলাদেশ (২০২৩ সালের তথ্য বিবেচনায়)।

প্রশ্ন: বিমানবন্দরের নিরাপত্তায় কী নামে নতুন বাহিনী গঠন করা হবে?
উত্তর: এয়ার গার্ড অব বাংলাদেশ।

প্রশ্ন: বাংলাদেশে মনোনীত নতুন মার্কিন রাষ্ট্রদূতের নাম কী?
উত্তর: ব্রেন্ট ক্রিস্টেনসেন।

প্রশ্ন: প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে মাদারবোর্ড রপ্তানি করে কোন প্রতিষ্ঠান?
উত্তর: ওয়ালটন।

প্রশ্ন: ২৫ সেপ্টেম্বর ২০২৫ কোন বাংলাদেশি পৃথিবীর অষ্টম উচ্চতম পর্বতশৃঙ্গ মানাসলু জয় করেন?
উত্তর: তৌফিক আহমেদ তমাল।

## আন্তর্জাতিক

প্রশ্ন: যুদ্ধজাহাজ-বিধ্বংসী 'YJ-17' হাইপারসনিক ক্ষেপণাস্ত্র কোন দেশের তৈরি?
উত্তর: চীন।

প্রশ্ন: ২০২৪ সালের পরিবেশ সুরক্ষা সূচক অনুযায়ী, বিশ্বের সবচেয়ে পরিচ্ছন্ন দেশের নাম কী?
উত্তর: এস্তোনিয়া।

প্রশ্ন: তুরস্কের সামরিক বাহিনীর আকাশ প্রতিরক্ষাব্যবস্থায় কোনটি যুক্ত হয়?
উত্তর: স্টিল ডোম।

প্রশ্ন: সৌদি আরব ও পাকিস্তান প্রতিরক্ষা চুক্তি কবে স্বাক্ষর করে?
উত্তর: ১৭ সেপ্টেম্বর ২০২৫।

প্রশ্ন: নেপালে সামাজিক যোগাযোগমাধ্যমকে কবে নিষিদ্ধ করা হয়?
উত্তর: ৪ সেপ্টেম্বর ২০২৫।

প্রশ্ন: ফিলিস্তিনকে যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়া আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয় কবে?
উত্তর: ২১ সেপ্টেম্বর ২০২৫।

প্রশ্ন: মিসরের কোন শহরের উপকূলের সমুদ্রগর্ভে এক প্রাচীন শহরের ধ্বংসাবশেষ খুঁজে পাওয়া গেছে?
উত্তর: আলেকজান্দ্রিয়া।

প্রশ্ন: 'পাওয়ার অব সাইবেরিয়া-২' পাইপলাইন প্রকল্প কোন দুটি দেশের গ্যাস সরবরাহে ব্যবহৃত হবে?
উত্তর: রাশিয়া ও চীন।

প্রশ্ন: ভারতের ১৫তম উপরাষ্ট্রপতি নির্বাচনে জয়ী হন কে?
উত্তর: সি পি রাধাকৃষ্ণন।

প্রশ্ন: কাতারের রাজধানী দোহায় হামাসের একটি অফিস ভবনে ইসরায়েল কবে হামলা চালায়?
উত্তর: ৯ সেপ্টেম্বর ২০২৫।

প্রশ্ন: ১২ সেপ্টেম্বর ২০২৫ জাতিসংঘের সদর দপ্তরে ফিলিস্তিনের প্রশ্নে 'নিউইয়র্ক ঘোষণা' নামে পরিচিত প্রস্তাব কত ভোটে পাস হয়?
উত্তর: ১৪২টি; বিপক্ষে ১০।

প্রশ্ন: আইভোরিকোস্টের 'লৌহ মানবী' হিসেবে পরিচিত কে?
উত্তর: সিমিওনি বাগবো।

প্রশ্ন: কোন দেশের বিজ্ঞানীরা বিশ্বের প্রথম 'আল ফ্রিকোয়েন্সি' সিক্স-জি চিপ তৈরি করে?
উত্তর: চীন।

প্রশ্ন: ৩০ আগস্ট ২০২৫ কী নামে ইরান উন্নত প্রযুক্তির স্যাটেলাইট উন্মোচন করে?
উত্তর: কাওসার-১।

প্রশ্ন: ১৩ আগস্ট ২০২৫ কোন দেশ আর্মি রকেট ফোর্স কমান্ড (ARFC) গড়ে তোলার ঘোষণা দেয়?
উত্তর: পাকিস্তান।

প্রশ্ন: জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের মূল প্রতিপাদ্য কী?
উত্তর: একসঙ্গে ভালো: শান্তি, উন্নয়ন ও মানবাধিকারের পথে ৮০ বছর ও আরও বেশি।

প্রশ্ন: International Union for Conservation of Nature (IUCN)-এর পরবর্তী সম্মেলন কবে কোথায় অনুষ্ঠিত হবে?
উত্তর: ৯-১৫ অক্টোবর ২০২৫; সংযুক্ত আরব আমিরাত।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন: আন্তর্জাতিক টি-২০তে বাংলাদেশের হয়ে সর্বোচ্চ রানের মালিক কে?
উত্তর: লিটন দাস।

প্রশ্ন: এশিয়া কাপ ২০২৫ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর: সংযুক্ত আরব আমিরাত।

প্রশ্ন: ২০২৫ সালে কোন নারী ব্যালন ডি'অর লাভ করেন?
উত্তর: আইতানা বোনমাতি।

# তথ্য প্রবাহ

## টপ নিউজ

**২৮ আগস্ট :** সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫ গেজেট জারি।
: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করে EC।

**৩১ আগস্ট :** চীনের তিয়ানজিন শহরে সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (SCO) রাষ্ট্রপ্রধানদের ২৫তম শীর্ষ সম্মেলন শুরু।

**০৯ সেপ্টেম্বর :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের ৩৮তম নির্বাচন অনুষ্ঠিত।

**১২ সেপ্টেম্বর :** নেপালের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন দেশটির প্রথম নারী প্রধান বিচারপতি সুশীলা কার্কি।

**১৭ সেপ্টেম্বর :** পাকিস্তান ও সৌদি আরব ঐতিহাসিক প্রতিরক্ষা চুক্তিতে স্বাক্ষর।

**১৮ সেপ্টেম্বর :** জাতিসংঘের নিরাপত্তা পরিষদে গাজায় যুদ্ধবিরতির প্রস্তাবে ষষ্ঠবারেরমতো ভেটো দেয় যুক্তরাষ্ট্র।

**২১ সেপ্টেম্বর :** ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয় যুক্তরাজ্য, কানাডা, পর্তুগাল ও অস্ট্রেলিয়া।

**২৩ সেপ্টেম্বর :** জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশন শুরু।

## আগস্ট মাসের বাকি অংশ

### বাংলাদেশ • ২৫ আগস্ট ২০২৫

— জাতীয় যুব উদ্যোক্তা উন্নয়ন নীতিমালা ২০২৫ গেজেট আকারে জারি।

— সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি হিসেবে ২৫ জনকে নিয়োগ দেয় অন্তর্বর্তী সরকার।

### আন্তর্জাতিক

— যুক্তরাষ্ট্রের জাতীয় পতাকা পোড়ালে ১ বছরের কারাদণ্ড রেখে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন।

### বাংলাদেশ • ২৬ আগস্ট ২০২৫

— ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫ গেজেট আকারে জারি।

— ডিজিটাল ব্যাংকের পরিশোধিত মূলধন ৩০০ কোটি টাকায় উন্নীত করে বাংলাদেশ ব্যাংক।

### আন্তর্জাতিক

— স্পেসএক্স রকেট স্টারশিপ থেকে প্রথমবার পরীক্ষামূলকভাবে মহাকাশে স্টারলিংক স্যাটেলাইট স্থাপন করা হয়।

### আন্তর্জাতিক • ২৭ আগস্ট ২০২৫

— ট্রাম্প প্রশাসন ভারতীয় পণ্যে অতিরিক্ত ২৫% শুল্ক আরোপের আনুষ্ঠানিক নোটিশ জারি করে।

### বাংলাদেশ • ২৮ আগস্ট ২০২৫

— স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (দ্বিতীয় সংশোধন) অধ্যাদেশ, ২০২৫-এর গেজেট জারি।

— 'গুম প্রতিরোধ, প্রতিকার ও সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫'-এর খসড়া নীতিগত অনুমোদন দেয় অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ।

### আন্তর্জাতিক • ২৯ আগস্ট ২০২৫

— ইয়েমেনের হুতি বিদ্রোহীদের সরকারের প্রধানমন্ত্রী আহমেদ আল-রাহাবি ইসরায়েলের হামলায় নিহত হয়।

— প্রশান্ত মহাসাগরীয় দেশ নাউরুতে অভিবাসীদের পাঠিয়ে দিতে একটি চুক্তি স্বাক্ষর করে অস্ট্রেলিয়া।

### আন্তর্জাতিক • ৩০ আগস্ট ২০২৫

— উন্নত প্রযুক্তির 'কাওসার-১' স্যাটেলাইট সফলভাবে উন্মোচন করে ইরান।

— দীর্ঘ সাত বছর পর চীন সফরে যান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

### আন্তর্জাতিক • ৩১ আগস্ট ২০২৫

— সুদানের পশ্চিম দারফুর অঞ্চলে ভয়াবহ ভূমিধসে এক হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়।

— আফগানিস্তানে ৬ মাত্রার ভূমিকম্পে ৩,০০০-এর অধিক লোক নিহত হয়।

## সেপ্টেম্বর

### বাংলাদেশ • ১ সেপ্টেম্বর ২০২৫

— বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড কার্যকর।

— স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জারি।

— 'রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি।

— বাংলাদেশে বাণিজ্যিকভাবে ৫-জি প্রযুক্তিসেবা চালু হয়।

### আন্তর্জাতিক

— ২৫তম SCO সম্মেলনে চীনের প্রেসিডেন্ট সি চিন পিং Global Governance Initiative (GGI) এর প্রস্তাব তুলে ধরেন।

### আন্তর্জাতিক • ২ সেপ্টেম্বর ২০২৫

— ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে কূটনীতিক ব্রেন্ট টি. ক্রিস্টেনসেনকে মনোনীত করেন।

### বাংলাদেশ • ৩ সেপ্টেম্বর ২০২৫

— অন্তর্বর্তী সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'জননিরাপত্তা বিভাগ' ও 'সুরক্ষা সেবা বিভাগ' একীভূত করে।

— অষ্টম শ্রেণির জুনিয়র বৃত্তি পরীক্ষার নীতিমালা-২০২৫ প্রকাশ।

### আন্তর্জাতিক

— দ্বিতীয় বিশ্বযুদ্ধের ৮০তম বার্ষিকীতে বেইজিংয়ে সামরিক কুচকাওয়াজে পুতিন, কিমসহ ২৬ রাষ্ট্রনেতা অংশ নেয়।

### বাংলাদেশ • ৪ সেপ্টেম্বর ২০২৫

— উপদেষ্টা পরিষদে 'বেসরকারি অংশগ্রহণে নবায়নযোগ্য জ্বালানিনির্ভর বাণিজ্যিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন নীতিমালা ২০২৫' ও 'টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক অ্যান্ড লাইসেন্সিং পলিসি ২০২৫' অনুমোদন।

— জাতীয় সংসদের পুনঃনির্ধারিত নির্বাচনি এলাকার চূড়ান্ত তালিকা, ২০২৫ গেজেট আকারে প্রকাশ।

— উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জারি।

**আন্তর্জাতিক • ৫ সেপ্টেম্বর ২০২৫**

— থাইল্যান্ডের ভুমজাইথাই পার্টির নেতা আনুতিন চার্নভিরাকুল প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হয়।

**বাংলাদেশ • ৮ সেপ্টেম্বর ২০২৫**

— স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান, স্বীকৃতি, পরিচালনা ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা, ২০২৫ গেজেট আকারে প্রকাশ।

**আন্তর্জাতিক**

— পাকিস্তান ও যুক্তরাষ্ট্রের মধ্যে খনিজ খাতে বড় ধরনের বিনিয়োগ চুক্তি স্বাক্ষর।

**আন্তর্জাতিক • ৯ সেপ্টেম্বর ২০২৫**

— বিক্ষোভের মুখে পদত্যাগ করেন নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি।

— কাতারের রাজধানী দোহায় বিমান হামলা চালায় ইসরায়েল।

— গ্র্যান্ড ইথিওপিয়ান রেনেসাঁ ড্যামের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

**বাংলাদেশ • ১০ সেপ্টেম্বর ২০২৫**

— 'জুলাই জাতীয় সনদ ২০২৫'-এর অঙ্গীকারনামা চূড়ান্ত করে জাতীয় ঐকমত্য কমিশন।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্রের প্রভাবশালী রক্ষণশীল রাজনৈতিক নেতা চার্লি কার্ক গুলিবিদ্ধ হয়ে নিহত হন।

**বাংলাদেশ • ১১ সেপ্টেম্বর ২০২৫**

— ৩৩ বছর পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত।

**আন্তর্জাতিক**

— বিশ্বের প্রথম দেশ হিসেবে AI-মানবীকে মন্ত্রীর পদ দেয় ইউরোপের বলকান অঞ্চলের দেশ আলবেনিয়া।

**আন্তর্জাতিক • ১২ সেপ্টেম্বর ২০২৫**

— স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার প্রস্তাবে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৪২টি দেশ প্রস্তাবের পক্ষে ভোট দেয়।

**বাংলাদেশ • ১৫ সেপ্টেম্বর ২০২৫**

— পদ্মা সেতুতে পরীক্ষামূলকভাবে চালু হয় আধুনিক নন-স্টপ ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সিস্টেম।

**আন্তর্জাতিক**

— কাতারের রাজধানী দোহায় শীর্ষ সম্মেলনে অংশ নেয় ইসলামী সহযোগিতা সংস্থার ৫৭টি দেশের এবং আরব লীগের ২২টি দেশের নেতারা।

**বাংলাদেশ • ১৬ সেপ্টেম্বর ২০২৫**

— ফ্রান্স ঢাকার গুলশান অ্যাভিনিউয়ের ভিসা আবেদন কেন্দ্র চালু করে।

— রাজধানীর অভিজাত এলাকা হিসেবে পরিচিত গুলশান, বনানী, বারিধারা ও নিকেতনকে 'নীরব এলাকা' হিসেবে ঘোষণা করা হয়।

**বাংলাদেশ • ১৮ সেপ্টেম্বর ২০২৫**

— নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ ও নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) (সংশোধন) অধ্যাদেশ ২০২৫-এর খসড়ায় নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেয় উপদেষ্টা পরিষদ।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সফরে যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের মধ্যে ৩১ বিলিয়ন পাউন্ড মূল্যের 'টেক প্রস্পেরিটি ডিল' স্বাক্ষরিত হয়।

**আন্তর্জাতিক • ১৯ সেপ্টেম্বর ২০২৫**

— H1B ভিসার বাৎসরিক ফি ১ লাখ ডলারে উন্নীত করে ট্রাম্প প্রশাসন।

**বাংলাদেশ • ২০ সেপ্টেম্বর ২০২৫**

— এশিয়ান কাপ বাছাইয়ে ইরানের বিপক্ষে ম্যাচ দিয়ে আন্তর্জাতিক ফুটসালে অভিষেক হয় বাংলাদেশের ছেলেদের।

**আন্তর্জাতিক • ২১ সেপ্টেম্বর ২০২৫**

— যুদ্ধবিধ্বস্ত সিরিয়ায় নির্বাচনের তারিখ ঘোষণা করে সিরিয়ার নতুন প্রশাসন।

**বাংলাদেশ • ২২ সেপ্টেম্বর ২০২৫**

— ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন করে NCTB।

— 'টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক অ্যান্ড লাইসেন্সিং পলিসির' গেজেট প্রকাশ করে সরকার।

**আন্তর্জাতিক**

— ফ্রান্স, লুক্সেমবার্গ, মাল্টা, অ্যান্ডোরা ও মোনাকো আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দেয়।

— অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্রে দুটি জলবিদ্যুৎ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

**আন্তর্জাতিক • ২৩ সেপ্টেম্বর ২০২৫**

— সানম্যারিনো ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রের স্বীকৃতি দেয়।

— গাজা যুদ্ধ নিয়ে আরব ও মুসলিম দেশগুলোর নেতাদের সঙ্গে বৈঠক করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

— বারবার ও ধারাবাহিকভাবে বাধ্যবাধকতা অমান্য করায় যুক্তরাষ্ট্র ক্রিকেটের (USAC) সদস্যপদ স্থগিত করে ICC।

**বাংলাদেশ • ২৪ সেপ্টেম্বর ২০২৫**

— রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীর জন্য ১১৫টি প্রতীকের তালিকার প্রজ্ঞাপন জারি করে নির্বাচন কমিশন (EC)।

— ঢাকার সাত কলেজ নিয়ে প্রস্তাবিত 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি' অধ্যাদেশের খসড়া প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয়।

**বাংলাদেশ • ২৫ সেপ্টেম্বর ২০২৫**

— পৃথিবীর অষ্টম উচ্চতম পর্বতশৃঙ্গ মানাসলু জয় করে বাংলাদেশি পর্বতারোহী তৌফিক আহমেদ তমাল।

**বাংলাদেশ • ২৬ সেপ্টেম্বর ২০২৫**

— প্রধান উপদেষ্টা জাতিসংঘ সাধারণ পরিষদের সাধারণ আলোচনা পর্বে বক্তব্য দেন।

**আন্তর্জাতিক • ৩০ সেপ্টেম্বর ২০২৫**

— জাতিসংঘে 'মিয়ানমারের রোহিঙ্গা মুসলিম ও অন্যান্য সংখ্যালঘুদের পরিস্থিতি' বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

## ICC থেকে বেরিয়ে গেল ৩ দেশ

২২ সেপ্টেম্বর ২০২৫ আন্তর্জাতিক ফৌজদারি আদালতকে (ICC) 'নব্য ঔপনিবেশিক দমন' আখ্যা দিয়ে এই আদালত থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দেয় পশ্চিম আফ্রিকার সামরিক শাসিত তিন দেশ মালি, বুরকিনা ফাসো ও নাইজার। যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ, আগ্রাসন কিংবা গণহত্যার বিচার করতে আদালত অক্ষম বলে অভিযোগ করে দেশগুলো। ২০২০-২০২৩ সালের মধ্যে টানা আটটি অভ্যুত্থানের পর সাহেল অঞ্চলে এ ঘোষণা নতুন কূটনৈতিক অস্থিরতার ইঙ্গিত দিচ্ছে। এই তিন দেশ এর আগে Economic Community of West African States ECOWAS থেকে বেরিয়ে গিয়ে ৬ জুলাই ২০২৪ 'অ্যালায়েন্স অব সাহেল স্টেটস' নামে একটি সংগঠন করে।

সোমালিয়ার জাতীয় বিমান সংস্থা সোমালি এয়ারলাইন্স

# দশ দিগন্ত

## নব-নিযুক্ত

### বাংলাদেশ

**সচিব**

- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় : ড. মো. সানোয়ার জাহান ভূঁইয়া; নিয়োগ ১৪ সেপ্টেম্বর ২০২৫।
- বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (BPSC) : মো. আব্দুর রহমান তরফদার; নিয়োগ ১৪ সেপ্টেম্বর ২০২৫।

**মহাপরিচালক**

- জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর : ফারুক আহম্মেদ; নিয়োগ ৮ সেপ্টেম্বর ২০২৫।
- মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর : মো. আব্দুর রাজ্জাক; নিয়োগ ২৭ আগস্ট ২০২৫।
- বাংলাদেশ শিল্পকলা একাডেমি : শেখ রেজাউদ্দিন আহমেদ; দায়িত্ব গ্রহণ ২১ সেপ্টেম্বর ২০২৫।

**বিবিধ**

- চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ : ড. নাজনীন কাউসার চৌধুরী; নিয়োগ ২৬ আগস্ট ২০২৫।
- সদস্য, পরিকল্পনা কমিশন: মো. মোখলেস উর রহমান; নিয়োগ ২১ সেপ্টেম্বর ২০২৫।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (BPPA); নিয়োগ ২৮ আগস্ট ২০২৫।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড : নুজহাত ইয়াসমিন; নিয়োগ ২৭ আগস্ট ২০২৫।
- বেলজিয়ামে নিযুক্ত বাংলাদেশি রাষ্ট্রদূত : খন্দকার মাসুদুল আলম; পরিচয়পত্র পেশ ১১ সেপ্টেম্বর ২০২৫।

### আন্তর্জাতিক

**প্রধানমন্ত্রী**

- থাইল্যান্ড : অনুতিন চার্নভিরাকুল; দায়িত্ব গ্রহণ ৭ সেপ্টেম্বর ২০২৫।
- ফ্রান্স : সেবাস্তিয়ান লেকর্নু; দায়িত্ব গ্রহণ ৯ সেপ্টেম্বর ২০২৫।
- আলজেরিয়া : সিফি ঘ্রিব; দায়িত্ব গ্রহণ ১৪ সেপ্টেম্বর ২০২৫।
- সামোয়া : লাউলি লুয়াটিয়া শ্মিট; দায়িত্ব গ্রহণ ১৬ সেপ্টেম্বর ২০২৫।

**বিবিধ**

- প্রেসিডেন্ট, আফ্রিকান উন্নয়ন ব্যাংক : সিদি ওউলদ তাহ (মৌরিতানিয়া); দায়িত্ব গ্রহণ ১ সেপ্টেম্বর ২০২৫।

## ভারতের ১৫তম উপরাষ্ট্রপতি

৯ সেপ্টেম্বর ২০২৫ ভারতের ১৫তম উপরাষ্ট্রপতি নির্বাচিত হন ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স (NDA) সমর্থিত প্রার্থী ও তামিলনাড়ু বিজেপির সাবেক সভাপতি সিপি (চন্দ্রপুরম পোন্নুস্বামী) রাধাকৃষ্ণন। ১২ সেপ্টেম্বর ২০২৫ তিনি দায়িত্ব গ্রহণ করেন।



## জাপান পেল প্রাপ্তবয়স্ক যুবরাজ

৬ সেপ্টেম্বর ২০২৫ আনুষ্ঠানিকভাবে চার দশকের মধ্যে জাপানের যুবরাজ হিসাহিতো রাজপরিবারের প্রথম পুরুষ যিনি প্রাপ্তবয়স্ক হন। তিনি সম্রাটের দূতের কাছ থেকে ঐতিহ্যবাহী 'কানমুরি' মুকুট গ্রহণ করেন। তিনি সম্রাট নারুহিতোর ভাগ্নে।

## ওয়াশিংটনে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত

৩১ আগস্ট ২০২৫ যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নবনিযুক্ত রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলাম ওয়াশিংটনের দূতাবাসে যোগ দেন। বিসিএস (পররাষ্ট্র ক্যাডার) ১৭তম ব্যাচের কর্মকর্তা তারেক মো. আরিফুল ইসলাম ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের ১৯তম রাষ্ট্রদূত।



## বাংলাদেশে নতুন মার্কিন রাষ্ট্রদূত

২ সেপ্টেম্বর ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের পদে পেশাদার কূটনীতিক ব্রেন্ট ক্রিস্টেনসেনকে মনোনীত করেন। ক্রিস্টেনসেন ঢাকায় মার্কিন দূতাবাসে রাজনৈতিক ও অর্থনৈতিক কাউন্সেলর হিসেবে ২০১৯-২০২১ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। সিনেটে অনুমোদন পেলে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের ১৮তম রাষ্ট্রদূত হবেন ক্রিস্টেনসেন। উল্লেখ্য, ঢাকায় যুক্তরাষ্ট্রের সর্বশেষ রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন পিটার হাস।

## ব্যালন ডি'অর





পুরুষ • উসমান দেম্বেলে (পিএসজি, ফ্রান্স)
নারী • আইতানা বোনমাতি (বার্সেলোনা, স্পেন)

**ইয়াসিন ট্রফি**

পুরুষ • জিয়ানলুইজি দোন্নারুম্মা (ম্যানচেস্টার সিটি, ইতালি)
নারী • হান্না হাম্পটন (চেলসি, ইংল্যান্ড)

**ইয়োহান ক্রুইফ ট্রফি**

পুরুষ • লুইস এনরিকে (পিএসজি)
নারী • সারিনা ভিগমান (ইংল্যান্ড)

**কোপা ট্রফি**

পুরুষ • লামিনে ইয়ামাল (বার্সেলোনা, স্পেন)
নারী • ভিকি লোপেজ (বার্সেলোনা, স্পেন)

**বর্ষসেরা ক্লাব**

পুরুষ • পিএসজি
নারী • আর্সেনাল

**জার্ড মুলার ট্রফি**

পুরুষ • ভিক্টর ইয়োরকেরেস (আর্সেনাল, সুইডেন)
নারী • এয়া পাজোর (বার্সেলোনা, পোল্যান্ড)

**সক্রেটিস অ্যাওয়ার্ড**

জানা ফাউন্ডেশন।





## অনন্তলোকে

- হাজেরা নজরুল (২০ নভেম্বর ১৯৪২-৮ সেপ্টেম্বর ২০২৫) : বিশিষ্ট কথাসাহিত্যিক, নাট্যকার ও শিক্ষাবিদ। তিনি রাজবাড়ীতে জন্মগ্রহণ করেন। তার প্রকাশিত গ্রন্থের সংখ্যা পঞ্চাশের অধিক। এর মধ্যে উল্লেখযোগ্য সমুদ্র বাসর, জোনাকির আলো, নির্বাচিত গল্প, নির্বাচিত নজরুল, মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা দম্পতি, শরবিদ্ধ শিশির অন্যতম।
- জর্জিও আরমানি (১১ জুলাই ১৯৩৪-৪ সেপ্টেম্বর ২০২৫) : কিংবদন্তি ইতালিয়ান ফ্যাশন ডিজাইনার ও আরমানি ব্র্যান্ডের প্রতিষ্ঠাতা। ১৯৫৭ মিলানের লা রিনাসেন্টে নামের একটি ডিপার্টমেন্ট স্টোরে উইন্ডো ড্রেসার ও বিক্রয়কর্মী হিসেবে ফ্যাশন ক্যারিয়ার শুরু করেন। ২৪ জুলাই ১৯৭৫ তার জীবন ও ব্যবসায়িক সঙ্গী আর্কিটেক্ট সার্জিও গ্যালিওটির সঙ্গে মিলিয়ে নিজস্ব রেডি-টু-ওয়্যার লেবেল প্রতিষ্ঠা করেন।
- মাওলানা মোশাররফ হোসেন (মৃত্যু : ৩০ আগস্ট ২০২৫) : তাবলিগ জামাতের একাংশের শীর্ষ ও প্রবীণ মুরুব্বি, বিশ্ব ইজতেমার জুমার নামাজের ইমাম ও কাকরাইল মসজিদের আহলে শূরা সদস্য।
- সালাউদ্দিন আহমেদ (মৃত্যু : ২১ সেপ্টেম্বর ২০২৫) : সাবেক অ্যাটর্নি জেনারেল। তিনি ১৯৬৯ সালে লন্ডন স্কুল অব ইকোনমিক্স থেকে অর্থনীতিতে বিএসসি পাস করেন। ১৯৭০ সালে লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে এমএ এবং ১৯৮৪ সালে কলম্বিয়া ল স্কুল থেকে এল.এল.এম. পাস করেন। তিনি ২০ জুলাই ২০০৮-১২ জানুয়ারি ২০০৯ পর্যন্ত অ্যাটর্নি জেনারেল ছিলেন।

### লালনসম্রাজ্ঞী ফরিদা পারভীন



৩১ ডিসেম্বর ১৯৫৪-১৩ সেপ্টেম্বর ২০২৫

নাটোরের সিংড়ায় জন্মগ্রহণ করেন। বাবা দেলোয়ার হোসেন ও মা রৌফা বেগম। গান শেখার হাতেখড়ি ওস্তাদ কমল চক্রবর্তীর কাছে। ১৪ বছর বয়সে ১৯৬৮ সালে রাজশাহী বেতারের তালিকাভুক্ত শিল্পী হিসেবে পেশাদার সংগীত জীবন। একুশে পদক ১৯৮৭, জাতীয় চলচ্চিত্র পুরস্কার ১৯৯৩ ও জাপানের ফুকুওকা পুরস্কার ২০০৮। ঢাকায় মৃত্যুবরণ করেন।

**উল্লেখযোগ্য গান :** সত্য বল সুপথে চল ওরে আমার মন • নিন্দার কাঁটা যদি না বিঁধিল গায়ে • তোমরা ভুলেই গেছ মল্লিকাদির নাম • এই পদ্মা, এই মেঘনা, এই যমুনা-সুরমা নদী তটে • খাঁচার ভিতর অচিন পাখি • বাড়ির কাছে আরশি নগর।

- আবদুল আজিজ আল-শায়খ (৩০ নভেম্বর ১৯৪৩-২৩ সেপ্টেম্বর ২০২৫) : সৌদি আরবের গ্র্যান্ড মুফতি ও দেশটির সিনিয়র ওলামা পরিষদের প্রধান। ১৯৯৯ সালে শায়খ আবদুল আজিজ আল-শায়খ সৌদি আরবের গ্র্যান্ড মুফতির দায়িত্ব গ্রহণ করেন। তিনি সিনিয়র ওলামা পরিষদের চেয়ারম্যান, ইসলামী গবেষণা ও ইফতা বোর্ডের চেয়ারম্যান এবং মন্ত্রী পর্যায়ের মর্যাদা ভোগ করেন।
- হ্যারল্ড ডিকি বার্ড (১৯৩৩-২৩ সেপ্টেম্বর ২০২৫) : ক্রিকেট ইতিহাসে অন্যতম বিখ্যাত আম্পায়ার। ইংল্যান্ডের ইয়র্কশায়ারের বার্নসলিতে তার জন্ম। সেখানকার কাউন্টি দল ইয়র্কশায়ারের হয়ে ১৯৫৬ সালে ব্যাটসম্যান হিসেবে ক্রিকেট ক্যারিয়ার শুরু করেন। পরে ইয়র্কশায়ারের সভাপতিও হন। তিনটি বিশ্বকাপ ফাইনালসহ ৬৬টি টেস্ট ও ৬৯টি ওয়ানডেতে আম্পায়ারিং করেন বার্ড। ক্রিকেটে অসামান্য অবদানের জন্য ১৯৮৬ সালে 'এমবিই' ও ২০১২ সালে 'ওবিই' সম্মান পান তিনি।



### বদরুদ্দীন উমরের রাজনৈতিক অভিপ্সা

২০ ডিসেম্বর ১৯৩১-৭ সেপ্টেম্বর ২০২৫

লেখক, গবেষক ও মার্ক্সবাদী তাত্ত্বিক। তিনি ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান শহরে জন্মগ্রহণ করেন। তার পিতা আবুল হাশিম ছিলেন একজন মুসলিম জাতীয়তাবাদী রাজনীতিবিদ। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বদরুদ্দীন উমর ও তার পিতা দুজনেই সক্রিয়ভাবে অংশ নেন। বদরুদ্দীন উমর ১৯৫৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক এবং ১৯৫৫ সালে দর্শনে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ১৯৬৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠা করেন। ১৯৬৮ সালে তিনি বিপ্লবী রাজনীতিতে সক্রিয়ভাবে যুক্ত হন। ২০০৩ সালে তিনি জাতীয় মুক্তি কাউন্সিল নামে একটি সংগঠন গড়ে সভাপতির দায়িত্ব নেন।

- ১৯৭২ সালে তাকে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার দেওয়া হলে সেই পুরস্কার তিনি গ্রহণ করেননি।
- ২০২৫ সালে তাকে স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত করা হলে তিনি তা প্রত্যাখ্যান করেন।
- 'সংস্কৃতি' নামে একটি রাজনৈতিক সাময়িকী সম্পাদনা করেন।
- তার আত্মজীবনী 'আমার জীবন'
- বাঙালি জাতীয়তাবাদের গুরুত্বপূর্ণ গ্রন্থ হিসেবে তার প্রকাশিত তিনটি বই সাম্প্রদায়িকতা (১৯৬৬), সংস্কৃতির সংকট (১৯৬৭) ও সাংস্কৃতিক সাম্প্রদায়িকতা (১৯৬৯)
- তার ভাষা আন্দোলনের গবেষণামূলক গ্রন্থ 'পূর্ব বাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি'।

## দিবস প্রতিপাদ্য-সেপ্টেম্বর

**জাতীয়**

৬ : ডায়াবেটিক সেবা দিবস।
১৭ : ঐতিহাসিক শিক্ষা দিবস।
৩০ : জাতীয় কন্যাশিশু দিবস।

**আন্তর্জাতিক**

১ : বিশ্ব চিঠি দিবস।
৩ : আন্তর্জাতিক CEDAW দিবস।
৪ : আন্তর্জাতিক হিজাব সংহতি দিবস।
৫ : আন্তর্জাতিক মানবহিতৈষী দিবস।
: ওয়ার্ল্ড স্পাইন ইনজুরি ডে।
৮ : বিশ্ব ফিজিওথেরাপি দিবস। প্রতিপাদ্য— সুস্থ বার্ধক্যে ফিজিওথেরাপি- পড়ে যাওয়া ও দুর্বলতা প্রতিরোধে ফিজিওথেরাপির গুরুত্ব।
: আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। প্রতিপাদ্য— প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রসার।
১০ : বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস।
: দারিদ্র্যের বিরুদ্ধে 'সাদা ফিতা দিবস'।
১২ : জাতিসংঘ দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা দিবস।
১৫ : আন্তর্জাতিক গণতন্ত্র দিবস। প্রতিপাদ্য— অ্যাচিভিং জেন্ডার ইকুইলিটি অ্যাকশন বাই অ্যাকশন।
১৬ : আন্তর্জাতিক ওজোন দিবস। প্রতিপাদ্য— বিজ্ঞান থেকে বিশ্বব্যাপী কর্মকাণ্ডে।
১৭ : বিশ্ব রোগী নিরাপত্তা দিবস।
১৮ : আন্তর্জাতিক সমান বেতন দিবস।
: বিশ্ব বাঁশ দিবস।
১৯ : আন্তর্জাতিক সর্প দংশন সচেতনতা দিবস।
২০ : বিশ্ব শিশু দিবস।
: আন্তর্জাতিক উপকূল পরিচ্ছন্নতা দিবস (সেপ্টেম্বর মাসের তৃতীয় শনিবার)।
: সফটওয়্যার স্বাধীনতা দিবস (সেপ্টেম্বর মাসের তৃতীয় শনিবার)।
২১ : আন্তর্জাতিক শান্তি দিবস।
: বিশ্ব আলঝেইমার দিবস। প্রতিপাদ্য— ডিমেনশিয়া সম্পর্কে প্রশ্ন করুন, আলঝেইমার সম্পর্কে প্রশ্ন করুন।
২২ : বিশ্ব Chronic Myeloid Leukemia (CML) দিবস।
: বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস।
২৩ : আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস।
২৪ : মীনা দিবস।
২৫ : বিশ্ব ফুসফুস দিবস।
: বিশ্ব ফার্মাসিস্ট দিবস। প্রতিপাদ্য— স্বাস্থ্য নিয়ে ভাবুন, ফার্মাসিস্ট নিয়ে ভাবুন।
: বিশ্ব নৌ-দিবস (সেপ্টেম্বর মাসের শেষ বৃহস্পতিবার)। প্রতিপাদ্য— আমাদের সমুদ্র, আমাদের বাধ্যবাধকতা, আমাদের সুযোগ।
২৬ : পারমাণবিক অস্ত্র সম্পূর্ণ বর্জনের জন্য আন্তর্জাতিক দিবস।
: বিশ্ব জন্মনিয়ন্ত্রণ দিবস।
: ইউরোপিয়ান ডে অব ল্যাঙ্গুয়েজ।
২৭ : বিশ্ব পর্যটন দিবস।
২৮ : আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস।
: বিশ্ব জলাতঙ্ক দিবস।
: বিশ্ব নদী দিবস (সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার)।
২৯ : বিশ্ব হার্ট দিবস।
৩০ : আন্তর্জাতিক অনুবাদ দিবস।

### নতুন দুই দিবস

- ১ সেপ্টেম্বর ২০২৫ জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২ সংশোধনের মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয় জাতীয় চা দিবস পরিবর্তন করে। জাতিসংঘের খাদ্য ও কৃষি ২০২০ সাল থেকে প্রতিবছর ২১ মে আন্তর্জাতিক চা দিবস হিসেবে পালন করে আসছে। বিশ্বের অন্যান্য চা উৎপাদনকারী দেশের সঙ্গে মিল রেখে ২১ মে জাতীয় চা দিবস ঘোষণা করে। এতদিন ৪ জুন জাতীয় চা দিবস পালন করা হতো।
- ২৮ আগস্ট ২০২৫ উপদেষ্টা পরিষদের সভায় ১৭ অক্টোবর লালনের তিরোধান দিবসকে 'ক' শ্রেণির জাতীয় দিবস পালনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। উল্লেখ্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ও মৃত্যুবার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্ত।

## সাহিত্য-সংস্কৃতি

**■ Bangladesh's Missing Billions: Stolen in Plain Sight**

যুক্তরাজ্যের সংবাদমাধ্যম Financial Times-এর তৈরি তথ্যচিত্র। তথ্যচিত্রে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১৫ বছরের শাসনামলে প্রায় ২৩৪ বিলিয়ন ডলার বাংলাদেশ থেকে লুট হয় বলে অভিযোগ করা হয়।

**■ Fighting Oligarchy**

যুক্তরাষ্ট্রের উচ্চকক্ষের সিনেটর বার্নি স্যান্ডার্সের নতুন বই। বইটি ২১ অক্টোবর ২০২৫ প্রকাশিত হবে।

**■ Vigil**

বুকার জয়ী মার্কিন লেখক জর্জ সন্ডার্সের দ্বিতীয় উপন্যাস। উপন্যাসটি ২৭ জানুয়ারি ২০২৬ প্রকাশিত হবে।

**■ নতুন মার্কিন পোয়েট লরিয়েট**

মার্কিন লাইব্রেরি অব কংগ্রেসের নতুন পোয়েট লরিয়েট নিযুক্ত হন লেখক ও অনুবাদক আর্থার সি। ১৫ সেপ্টেম্বর ২০২৫ তাকে এক বছরের জন্য নিযুক্ত করা হয়।

**■ মিস ইউনিভার্স বাংলাদেশ**

১৮ সেপ্টেম্বর ২০২৫ ঢাকার তেজগাঁওয়ের মিস ইউনিভার্স বাংলাদেশ ২০২৫-এর মুকুট জিতেন মডেল ও অভিনেত্রী তানজিয়া জামান মিথিলা। মিথিলা ২০২৫ সালের নভেম্বরে থাইল্যান্ডে অনুষ্ঠিত ৭৪তম মিস ইউনিভার্স প্রতিযোগিতার মঞ্চে বাংলাদেশ থেকে লড়বেন।

### অমর একুশে বইমেলা

প্রতিবছর ভাষার মাস ফেব্রুয়ারির প্রথম দিন থেকে অমর একুশে বইমেলা শুরু হলেও এবার ডিসেম্বরের মধ্যভাগে এই মেলা শুরু হবে। ১৮ সেপ্টেম্বর ২০২৫ অমর একুশে বইমেলার আয়োজক কর্তৃপক্ষ বাংলা একাডেমি জানায়; ১৭ ডিসেম্বর ২০২৫-১৭ জানুয়ারি ২০২৬ পর্যন্ত অমর একুশে বইমেলা অনুষ্ঠিত হবে। ২০২৬ সালে ফেব্রুয়ারি মাসে পবিত্র রমজান এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের ঘোষণা রয়েছে অন্তর্বর্তীকালীন সরকারের। এই পটভূমিতে বইমেলা এগিয়ে আনা হয়।





## পদক-পুরস্কার

### ৮২তম ভেনিস উৎসব

২৭ আগস্ট-৬ সেপ্টেম্বর ২০২৫ ইতালির ভেনিস শহরে অনুষ্ঠিত হয় ৮২তম ভেনিস চলচ্চিত্র উৎসবের প্রতিযোগিতা। এবারের উল্লেখযোগ্য বিজয়ীরা— গোল্ডেন লায়ন (সেরা সিনেমা) : ফাদার মাদার সিস্টার ব্রাদার ও জিম জারমুশ • সিলভার লায়ন (গ্র্যান্ড জুরি প্রাইজ) : দ্য ভয়েস অব হিন্দ রজব, কাওথের বেন হানিয়া • স্পেশাল জুরি প্রাইজ : বিলো দ্য ক্লাউডস ও জিয়ানফ্রাংকো রসি • সিলভার লায়ন (সেরা পরিচালক) : বেনি সাফদি (দ্য স্ম্যাশিং মেশিন) • ভোলপি কাপ (সেরা অভিনেতা) : টোনি সারভিল্লো (লা গ্রাজিয়া) • ভোলপি কাপ (সেরা অভিনেত্রী) : জিন জিলেই (দ্য সান রাইজেস অন আস অল) • সেরা চিত্রনাট্য : আ পিয়ে দ'উভ্রে, ভ্যালেরি ডনজেলি ও জিল মার্চান্দ • গোল্ডেন লায়ন ফর লাইফটাইম অ্যাচিভমেন্ট : ভার্নার হার্জগ ও কিম নোভাক।

### এমটিভি মিউজিক অ্যাওয়ার্ডস

৮ সেপ্টেম্বর ২০২৫ নিউইয়র্কের ইউবিএস অ্যারেনায় অনুষ্ঠিত হয় এমটিভি ভিএমএর আয়োজনটি। প্রধান বিভাগের বিজয়ীরা— ভিডিও অব দ্য ইয়ার : আরিয়ানা গ্রান্দে [ব্রাইটার ডেইজ অ্যাহেডা] • আর্টিস্ট অব দ্য ইয়ার : লেডি গাগা • বেস্ট গ্রুপ : ব্ল্যাকপিঙ্ক • সং অব দ্য ইয়ার : রোজ ও ব্রুনো মারস [অ্যাপট] • বেস্ট নিউ আর্টিস্ট : অ্যালেক্স ওয়ারেন • বেস্ট পপ ভিডিও : আরিয়ানা গ্রান্দে [ব্রাইটার ডেইজ অ্যাহেডা] • বেস্ট পপ আর্টিস্ট : সাবরিনা কার্পেন্টার • বেস্ট অ্যালবাম : সাবরিনা কার্পেন্টার [শর্ট এন সুইট] • বেস্ট কোলাবরেশন : লেডি গাগা ও ব্রুনো মারস [ডাই উইথ আ স্মাইল]।

### বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ

১৯ সেপ্টেম্বর ২০২৫ দক্ষিণ কোরিয়ার বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হয়। এ উৎসবে জুলাই গণ-অভ্যুত্থানকে স্মরণীয় করে রাখতে ২০২৫ সাল থেকে 'বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ' চালু করে বাংলাদেশের সংস্কৃতি মন্ত্রণালয়। ৩০তম বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'বাংলাদেশ জুলাই মেমোরিয়াল প্রাইজ' পায় কিরগিজ ভাষার সিনেমা 'কুরাক'।

### ৭৭তম এমি অ্যাওয়ার্ডস



১৪ সেপ্টেম্বর ২০২৫ যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের পিকক থিয়েটারে অনুষ্ঠিত হয় এবারের আসর। সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা তৃতীয়বারের মতো এমি অ্যাওয়ার্ড জিতেন। নেটফ্লিক্সের Our Oceans-এর জন্য আউটস্ট্যান্ডিং ন্যারেটর বিভাগে এ সম্মাননা অর্জন করেন। এছাড়া মাত্র ১৫ বছর বয়সেই সবচেয়ে কনিষ্ঠ পুরুষ এমি জয়ী হয়ে ইতিহাস গড়েন ওয়েন কুপার। এবারের উল্লেখযোগ্য বিজয়ীরা—

**ড্রামা** ➤ সেরা সিরিজ : দ্য পিট • সেরা অভিনেতা : নোয়া ওয়াইল [দ্য পিট] • সেরা অভিনেত্রী : ব্রিট লোয়ার [সেভারেন্স] • সেরা পরিচালক : অ্যাডাম র‍্যান্ডাল [স্লো হর্সেস]।

**কমেডি** ➤ সেরা সিরিজ : দ্য স্টুডিও • সেরা অভিনেতা : সেথ রজেন [দ্য স্টুডিও] • সেরা অভিনেত্রী : জিন স্মার্ট [হ্যাকস] • সেরা পরিচালক : সেথ রজেন [দ্য স্টুডিও]।

### দাদাসাহেব ফালকে পুরস্কার

ভারতীয় সিনেমায় আজীবন অবদানের স্বীকৃতি হিসেবে ৫৩তম (২০২৩ সালের) দাদাসাহেব ফালকে পুরস্কার পান মালয়ালামের জনপ্রিয় অভিনেতা মোহনলাল। ২৩ সেপ্টেম্বর ২০২৫ দিল্লিতে অনুষ্ঠিত ৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে মোহনলালকে সম্মাননা দেওয়া হয়।

### আগা খান স্থাপত্য পুরস্কার

২০২৫ সালে বাংলাদেশের স্থপতি মেরিনা তাবাশ্যুম দ্বিতীয়বার স্থাপত্যের সম্মানজনক স্বীকৃতি আগা খান পুরস্কার লাভ করেন। তার নকশা করা 'খুদি বাড়ি' প্রকল্পের জন্য তিনি এই পুরস্কারে মনোনীত হন। মেরিনা তাবাশ্যুম ২০১৬ সালে ঢাকার দক্ষিণখানে বাইতুর-রউফ মসজিদের নকশার জন্য আগা খান স্থাপত্য পুরস্কার লাভ করেন।



**বাংলাদেশ থেকে বিজয়ী প্রকল্প**

- ১৯৮৯ : গ্রামীণ ব্যাংক হাউজিং প্রোগ্রাম (ঢাকা)
- ১৯৮৯ : জাতীয় সংসদ ভবন (ঢাকা)
- ২০০৭ : METI School (রুদ্রপুর, দিনাজপুর)
- ২০১৬ : ফ্রেন্ডশিপ সেন্টার (গাইবান্ধা)
- ২০১৬ : বায়তুর রউফ মসজিদ (দক্ষিণখান, ঢাকা)
- ২০১৯ : আর্কেডিয়া এডুকেশন প্রকল্প (কেরাণীগঞ্জ, ঢাকা)
- ২০২২ : আরবান রিভার স্পেসেস প্রকল্প (ঝিনাইদহ) ও
  : রোহিঙ্গা রিফিউজি রেসপন্স প্রোগ্রাম কমিউনিটি (কক্সবাজার)

### আর্কেশিয়া অ্যাওয়ার্ড ২০২৫

দক্ষিণ কোরিয়ার ইঞ্চিওন শহরে অনুষ্ঠিত এশিয়ান কংগ্রেস অব আর্কিটেক্টসে বাংলাদেশি স্থপতি এনামুল করিম নির্ঝর মর্যাদাপূর্ণ ARCASIA Awarde for Artichitechruro 2025 (AAA) একক পারিবারিক আবাসন ক্যাটাগরিতে স্বর্ণপদক অর্জন করেন। এই স্বীকৃতিটি তার নকশা করা স্থাপত্য প্রকল্প 'চাবি'-র জন্য। প্রকল্পটি নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার বিরাবো বাজার সংলগ্ন শীতলক্ষ্যা নদীর তীরে ৩.৯ বিঘা জমিতে নির্মিত একটি বিকল্প আবাসিক ভবন।



# রিপোর্ট-সমীক্ষা

## কনটেইনার পরিবহন সক্ষমতা

প্রকাশ : আগস্ট ২০২৫ । প্রকাশক : লন্ডন ভিত্তিক শিপিং নিউজ পোর্টাল লয়েডস লিস্ট । প্রতিবেদনের শিরোনাম : One Hundred Ports 2025 ।

**প্রতিবেদন অনুযায়ী—**

- শীর্ষ ৫ বন্দর : ১. সাংহাই বন্দর (চীন), ২. সিঙ্গাপুর বন্দর (সিঙ্গাপুর), ৩. নিংবো জৌশন (চীন), ৪. শেনজেং (চীন) ও ৫. কিংদাও (চীন)।
- সর্বনিম্ন ৫ বন্দর : ১০০. সান অ্যান্তোনিও (চিলি), ৯৯. আশদোদ (ইসরায়েল), ৯৮. মেরসিন (তুরস্ক), ৯৭. সাইনস (পর্তুগাল) ও ৯৬. ইয়াংপুও (চীন)।
- ২০২৫ সালের র‍্যাংকিংয়ে বাংলাদেশের চট্টগ্রাম বন্দর ৬৮ তম। ২০২৪ সালে এই বন্দর ৩২.৭৫ লাখ একক কনটেইনার পরিবহন করেছে।

## বৈশ্বিক উদ্ভাবনী সূচক

প্রকাশ : ১৬ সেপ্টেম্বর ২০২৫ । প্রকাশক : ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অর্গানাইজেশন (WIPO) । সূচকের শিরোনাম : Global Innovation Index (GII) 2025 । অন্তর্ভুক্ত দেশ : ১৩৯।

**সূচক অনুযায়ী—**

- শীর্ষ ৫ দেশ : ১. সুইজারল্যান্ড, ২. সুইডেন, ৩. যুক্তরাষ্ট্র, ৪. দক্ষিণ কোরিয়া ও ৫. সিঙ্গাপুর।
- সর্বনিম্ন ৫ দেশ : ১৩৯. নাইজার, ১৩৮. অ্যাঙ্গোলা, ১৩৭. কঙ্গো, ১৩৬. ভেনিজুয়েলা ও ১৩৫. মালি।
- সার্কভুক্ত দেশের আবস্থান : ৩৮. ভারত, ৯৩. শ্রীলংকা, ৯৯. পাকিস্তান, ১০৬. বাংলাদেশ, ১০৭. নেপাল।

## গরম বৃদ্ধিতে বাংলাদেশের ক্ষতি

প্রকাশ : ১৬ সেপ্টেম্বর ২০২৫ । প্রকাশক : বিশ্বব্যাংক । প্রতিবেদনের শিরোনাম : An Unsustainable Life : The Impact of Heat on Health and the Economy of Bangladesh ।

**প্রতিবেদন অনুযায়ী—**

- তাপমাত্রা ক্রমশ বাড়তে থাকায় ২০২৪ সালে অন্তত ২৫ কোটি কর্মদিবস নষ্ট হয়।
- অর্থনৈতিক ক্ষতি হয় ১৩৩ কোটি থেকে ১৭৮ কোটি ডলার বা অন্তত ২১ হাজার কোটি টাকা, যা দেশের মোট জিডিপির ০.৩ - ০.৪%।
- ১৯৮০ সালের পর থেকে দেশের সর্বোচ্চ তাপমাত্রা বেড়েছে ১.১ ডিগ্রি সেলসিয়াস। আর এই সময়ে ঢাকায় বেড়েছে ১.৪ ডিগ্রি সেলসিয়াস। তবে অনুভূত তাপমাত্রা বেড়েছে ৪.৫ ডিগ্রি সেলসিয়াস।

## শ্রমশক্তি জরিপ ২০২৪ [প্রকাশ : ১১ সেপ্টেম্বর ২০২৫]

| | ক্যাটাগরি | ২০২৩ | ২০২৪ |
|---|---|---|---|
| মিলিয়ন | শ্রমশক্তি | ৭৩.৪৫ | ৭১.৭১ |
| | কর্মে নিয়োজিত | ৭০.৯৮ | ৬৯.০৯ |
| | বেকার | ২.৪৬ | ২.৬২ |
| | শ্রমশক্তির বাহিরে | ৪৭.১৭ | ৫০.০৪ |
| | শ্রমশক্তি (১৫-২৪ বছর) | ১৩.৮৪ | ১৩.৬১ |
| | যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর) | ২৬.৭৬ | ২৪.৮৩ |
| বেকারত্ব (%) | | ৩.৩৫ | ৩.৬৬ |
| শ্রমশক্তিতে অংশগ্রহণকারী (%) | | ৬০.৯০ | ৫৮.৯০ |

**সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন)**

| খাত | ২০২৩ | | ২০২৪ | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | শতকরা | সংখ্যা | শতকরা |
| কৃষি | ৩১.৫৩ | ৪৪.৪২% | ৩০.৮৭ | ৪৪.৬৭% |
| শিল্প | ১২.২৫ | ১৭.২৬% | ১২.০০ | ১৭.৩৭% |
| সেবা | ২৭.২০ | ৩৮.৩২% | ২৬.২২ | ৩৭.৯৬% |
| মোট | ৭০.৯৮ | ১০০.০০% | ৬৯.০৯ | ১০০.০০% |

- বিভাগ অনুযায়ী বেকারের সংখ্যা : ১. ঢাকা (৬.৮৭ লাখ), ২. চট্টগ্রাম (৫.৮৪ লাখ), ৩. রাজশাহী (৩.৫৭ লাখ), ৪. খুলনা (৩.৩১ লাখ), ৫. সিলেট (২.১৬ লাখ), ৬. রংপুর (২.৬ লাখ), ৭. বরিশাল (১:৩৯ লাখ) ও ৮. ময়মনসিংহ (১.৪ লাখ)।

## মোবাইল-ইন্টারনেট ব্যবহার

২০২৫ সালে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর অর্থনৈতিক ও সামাজিক খাতের সূচক নিয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) প্রতিবেদন প্রকাশ করে। ইন্টারনেটের উচ্চমূল্য, অবকাঠামোগত সীমাবদ্ধতা, ডিজিটাল সাক্ষরতাসহ নানা কারণে বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারে ধীরগতি।

**প্রতিবেদন অনুযায়ী—**

- মোবাইল ব্যবহারে শীর্ষ দেশ : ভারত ১১৫.৮৫ কোটি; বাংলাদেশ ১৯.৬১ কোটি।
- ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহারে শীর্ষ দেশ : ভারত প্রায় ৩.৯৫ কোটি; বাংলাদেশ ১.৩৫ কোটি।
- 4G সেবায় শীর্ষ দেশ : মালদ্বীপ (১০০%); (বাংলাদেশ ৯৮.৯%)
- দেশে প্রতি ১০০ জনের মধ্যে প্রায় ৪৪ জন ইন্টারনেট ব্যবহার করছেন।
- বাংলাদেশ প্রতি ১০০ জনের মধ্যে ১১৪ জন মোবাইল অপারেটরের সেবা নিচ্ছেন (একজন একাধিক মোবাইল অপারেটরের সেবা নেন)।

**চলতি সংখ্যার সংশোধনী**

- ৫৫নং পৃষ্ঠার ২০০নং প্রশ্নের সঠিক উত্তর হবে ১৪০টি দেশ।
- ৩৩নং পৃষ্ঠার রাকসু ও চাকসু নির্বাচনের পরিবর্তিত তারিখ যথাক্রমে ১৬ ও ১৫ অক্টোবর ২০২৫ করা হয়।





## নিরাপদ পানি সূচক

প্রকাশ : আগস্ট ২০২৫ । প্রকাশক : ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার জয়েন্ট মনিটরিং প্রোগ্রাম । সূচকের শিরোনাম : Progress on household drinking water, sanitation and hygiene । সর্বশেষ প্রকাশ : ২০১৫

**এক দশকে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মানুষের নিরাপদ পানি প্রাপ্তির হার—**

- ২০১৫ সালে নিরাপদ পানির প্রাপ্তি হার (%) : ভারত ৬১, ভুটান ৪৭, বাংলাদেশ ৫৬, শ্রীলংকা ৪৮ ও নেপাল ২৫।
- ২০২৪ সালে নিরাপদ পানির প্রাপ্তি হার (%) : ভারত ৭৬, ভুটান ৬৬, বাংলাদেশ ৫৯, শ্রীলংকা ৪৭ ও নেপাল ১৬।

**নিরাপদ পানি :** নিরাপদ পানি বলতে বোঝায় মলের জীবাণু ও ক্ষতিকর রাসায়নিক পদার্থ থেকে মুক্ত এবং সহজলভ্য। জেএমপির প্রতিবেদন অনুযায়ী, পানি অনিরাপদ করে ই-কোলাইয়ের মতো মলের জীবাণু। বাংলাদেশে প্রায় ৬০ জেলায় আর্সেনিক দূষণ রয়েছে। এসব বিবেচনায় এখন ৫৯% মানুষ নিরাপদ খাবার পানি পায়। ২০১৫ সালে এ হার ছিল ৫৬%।

## ICT অগ্রগতির সূচক

প্রকাশ : জুন ২০২৫ । প্রকাশক : জাতিসংঘের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (ITU) । সূচকের শিরোনাম : The ICT Development Index (IDI) 2025 । অন্তর্ভুক্ত দেশ : ১৬৪ । বৈশ্বিক গড় স্কোর ৭৮ । নিম্নমধ্যম আয়ের দেশগুলো গড় স্কোর ৬৬।

**সূচক অনুযায়ী—**

- শীর্ষ ৫ দেশ : ১. সৌদি আরব, ২. ফিনল্যান্ড, ৩. এস্তোনিয়া, ৪. কুয়েত ও কাতার এবং ও ৫. সংযুক্ত আরব আমিরাত।
- সর্বনিম্ন ৫ দেশ : ১৬৪. বুরুন্ডি, ১৬৩. মোজাম্বিক, ১৬২. মাদাগাস্কার, ১৬১. সোমালিয়া ও ১৬০. মালাবি।

## পরিবেশগত কর্মক্ষমতা সূচক


প্রকাশ : ২০২৫ সাল । প্রকাশক : যৌথভাবে ইয়েল বিশ্ববিদ্যালয়, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় ও ম্যাককল ম্যাকবেইন ফাউন্ডেশন । সূচকের শিরোনাম : Environmental Performance Index । অন্তর্ভুক্ত দেশ : ১৮০।

**সূচক অনুযায়ী—**

- শীর্ষ ৫ দেশ : ১. এস্তোনিয়া, ২. লুক্সেমবার্গ, ৩. জার্মানি, ৪. ফিনল্যান্ড ও ৫. যুক্তরাজ্য।
- সর্বনিম্ন ৫ দেশ : ১৮০. ভিয়েতনাম, ১৭৯. পাকিস্তান, ১৭৮. লাওস, ১৭৭. মায়ানমার ও ১৭৬. ভারত।
- সার্কভুক্ত দেশের আবস্থান : ১০৩. ভুটান, ১৩৪. শ্রীলংকা, ১৩৮. মালদ্বীপ, ১৬৫. নেপাল, ১৭১. আফগানিস্থান, ১৭৫. বাংলাদেশ, ১৭৬, ভারত ও ১৭৯. পাকিস্তান।

## প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২৪

- **প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান : ১,১৮,৬০৭টি**
- সরকারি প্রাথমিক বিদ্যালয় (GPS) : ৬৫,৫৬৭
- বেসরকারি প্রাথমিক বিদ্যালয় : ৫,১৮৭
- এবতেদায়ি মাদ্রাসা : ৩,৪১৩
- কিন্ডারগার্টেন (KG) : ২৬,২৯৯
- এনজিও স্কুল : ২,৮৩১
- প্রাইমারি সেকশন্স অব হাইস্কুল : ২,৭৬৭
- শিশুকল্যাণ (SK) : ২০৫
- এনজিও লার্নিং সেন্টারস : ১,৭২৭



- এবতেদায়ি সংযুক্ত উচ্চ মাদ্রাসা : ৯,৪০৬
- অন্যান্য স্কুল : ১,২০৫
- মোট শিক্ষার্থী ২,০১,৮৫,১৫২
- সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী : ১,০৬,২০,০৬৬
- মোট শিক্ষক : ৭,০৭,২১৬
- সরকারি বিদ্যালয়ে শিক্ষক : ৩,৮৩,৬২৪
- শিক্ষক-শিক্ষার্থী অনুপাত : ১ ঃ ২৯
- ঝরে পড়ার হার : ১৬.২৫%
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী : ১,০২,৬৫৬

- প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ➤ সর্বাধিক : ঢাকা জেলা (৫,২৫০টি) • সবচেয়ে কম : মেহেরপুর জেলা (৪৬৫টি)।
- সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভর্তি শিক্ষার্থী ➤ বেশি : চট্টগ্রাম জেলায় (১,৫৯,৬৬১ জন) • সবচেয়ে কম শিক্ষার্থী : রাঙ্গামাটি জেলায় (১১,৮০৮ জন)।
- সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ➤ সর্বাধিক : চট্টগ্রাম জেলা (২,২৭১টি) • কম : মেহেরপুর জেলা (৩০৯টি)।
- বিভাগওয়ারি ৬ষ্ঠ থেকে ৮ম প্রাথমিক স্কুল : ৬১৯ ➤ ঢাকা ১৭৭, চট্টগ্রাম ১৫১, সিলেট ৭০, রাজশাহী ৫২, রংপুর ৫১, খুলনা ৪২, ময়মনসিংহ ৪০, বরিশাল ৩৬।

**বিভাগওয়ারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান**

| বিভাগ | সরকারি | অন্যান্য | মোট |
|---|---|---|---|
| ঢাকা | ১০,৯২১ | ১৩,৩৮৭ | ২৪,৩০৮ |
| চট্টগ্রাম | ১১,৫৮৬ | ৮,৯৯৮ | ২০,৫৮৪ |
| রংপুর | ৯,৫৪৬ | ৭,৩৮৮ | ১৬,৯৩৪ |
| রাজশাহী | ৮,৬৬৬ | ৬,৭৮১ | ১৫,৪৪৭ |
| খুলনা | ৮,১৭৫ | ৪,৬০২ | ১২,৭৭৭ |
| ময়মনসিংহ | ৫,৩৬৪ | ৫,৩০১ | ১০,৬৬৫ |
| বরিশাল | ৬,২৫১ | ৩,৩০৩ | ৯,৫৫৪ |
| সিলেট | ৫,০৫৮ | ৩,২৮০ | ৮,৩৩৮ |
| মোট | ৬৫,৫৬৭ | ৫৩,০৪০ | ১,১৮,৬০৭ |

# উত্তাল সারা বিশ্ব ৮০তম জাতিসংঘ সম্মেলন

২৪ অক্টোবর ১৯৪৫ বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় গঠিত হয় United Nations বা জাতিসংঘ। প্রতিবছর সেপ্টেম্বর মাসের দ্বিতীয় মঙ্গলবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের জাতিসংঘ সদর দপ্তরে সদস্য দেশগুলোর উপস্থিতিতে অনুষ্ঠিত হয় সাধারণ পরিষদের অধিবেশন।

## অধিবেশন

United Nations General Assembly (UNGA) • আয়োজন : ৮০তম • আনুষ্ঠানিকতা শুরু : ৯ সেপ্টেম্বর ২০২৫ • মূল পর্ব : ২৩-২৭ ও ২৯ সেপ্টেম্বর ২০২৫ (জেনারেল ডিবেট) • স্থান : নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র • শিরোনাম : ভালোভাবে একসাথে শান্তি, উন্নয়ন ও মানবাধিকারের জন্য ৮০ বছর এবং আরও বেশি • সভাপতি : আনালেনা বেয়ারবক; প্রাক্তন জার্মান পররাষ্ট্রমন্ত্রী • অধিবেশন সমাপ্ত : ৮ সেপ্টেম্বর ২০২৬।

– ১৯৮৮ সালের পর প্রথমবার সম্মেলনে যোগ দিতে পারেননি ফিলিস্তিনের প্রেসিডেন্ট। নিরাপত্তার অজুহাতে প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের ভিসা প্রদান করেনি যুক্তরাষ্ট্র।

– ১৯৫১ সালের পর নিউইয়র্কের বাইরে জাতিসংঘের প্রথম সম্মেলন হয় জেনেভায় এবং ২০২০ সালে করোনা মহামারির জন্য ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়।

– জাতিসংঘের ঐতিহ্য অনুসারে সদস্য রাষ্ট্র থেকে ব্রাজিল প্রতি বছর সাধারণ বিতর্কে প্রথম ভাষণ দেয়।

– ১৯৬৭ সালের পর এবারই প্রথম সিরিয়ার কোনো প্রেসিডেন্ট জাতিসংঘের অধিবেশনে অংশ নেয়।

## অধিবেশনের মূল বিষয়

জাতিসংঘ তার আধুনিক ইতিহাসের অন্যতম কঠিন সময় পার করছে। এই পরিস্থিতিতে বিশ্বব্যাপী সংকট মোকাবিলায় সংস্থাটির উল্লেখযোগ্য বিষয়গুলো হলো—

- **যুদ্ধ বিগ্রহ :** চলমান গাজা, ইউক্রেন, সুদান, মিয়ানমার ও হাইতির সংঘাতগুলো জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন লক্ষ্য ও বর্তমান সক্ষমতার মধ্যে গভীর সংকট তৈরি করেছে। জাতিসংঘ এসব যুদ্ধ বন্ধ করতে এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় নানান উদ্যোগ নেয়।
- **কৃত্রিম বুদ্ধিমত্তা :** AI শাসনের উপর বিশ্বব্যাপী উচ্চস্তরের সভা ২৫ সেপ্টেম্বর ২০২৫ জাতিসংঘে অনুষ্ঠিত হয়। এবারের সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল নিরাপত্তা মূল আলোচ্য বিষয়ের কেন্দ্রে ছিল।
- **অন্যান্য :** ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার উদ্যোগ, টেকসই অর্থনীতি নিয়ে দ্বিবার্ষিক সম্মেলন এবং কপ-৩০-এর আগে ২৪ সেপ্টেম্বর ২০২৫ জলবায়ু সম্মেলন নিয়ে আলোচনা হয়।

## ড. ইউনূসের জাতিসংঘ সফর



২২ সেপ্টেম্বর ২০২৫ বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশ ডেলিগেশন নিউইয়র্কে পৌঁছান। সফরে তিনটি রাজনৈতিক দলের ছয়জন নেতাকে সফরসঙ্গী করা হয় যা সরকারি সফরে এই প্রথম।

- **অধিবেশনে ভাষণ :** ২৬ সেপ্টেম্বর ২০২৫ জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে ভাষণ দেন। প্রধান উপদেষ্টা তার ভাষণে সরকারের কার্যক্রম, দেশের সামগ্রিক উন্নয়ন, নির্বাচন প্রস্তুতি, বিচার কার্যক্রম, গাজা পরিস্থিতি এবং রোহিঙ্গা ইস্যু তুলে ধরেন। এটি ড. মুহাম্মদ ইউনূসের দ্বিতীয়বারের মতো জাতিসংঘে ভাষণ। প্রথমবার ২৭ সেপ্টেম্বর ২০২৪ জাতিসংঘের ৭৯তম সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেন।
- **পুরস্কার লাভ :** ২২ সেপ্টেম্বর ২০২৫ নিউইয়র্কে অনুষ্ঠিত থিয়ারওয়ার্ল্ডের বার্ষিক গ্লোবাল এডুকেশন ডিনারে ড. মুহাম্মদ ইউনূসকে 'আনলক বিগ চেঞ্জ অ্যাওয়ার্ড' প্রদান করা হয়। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে তার অগ্রণী অবদান এবং শিক্ষার প্রতি দীর্ঘদিনের অঙ্গীকারের স্বীকৃতিস্বরূপ এ সম্মাননা দেওয়া হয়।




- **রোহিঙ্গা সম্মেলন :** ৩০ সেপ্টেম্বর ২০২৫ জাতিসংঘ সাধারণ পরিষদে অনুষ্ঠিত হবে রোহিঙ্গা ও মিয়ানমারের অন্যান্য সংখ্যালঘুদের দুর্দশা নিয়ে বিশেষ উচ্চপর্যায়ের সম্মেলন। ২০১৭ সালে রোহিঙ্গা জনগোষ্ঠীর গণউচ্ছেদের পর এই ধরনের উদ্যোগ এবারই প্রথম।
- **সভাপতি পদে বাংলাদেশ :** জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করছে বাংলাদেশ। এবারের নির্বাচনে বাংলাদেশের প্রধান প্রতিদ্বন্দ্বী ফিলিস্তিন। এই পদের জন্য মনোনীত হয় অন্তর্বর্তীকালীন সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। ৩ জুলাই ১৯৮৫ জাতিসংঘের ৪১তম সাধারণ পরিষদের প্রেসিডেন্ট পদে নির্বাচিত হন বাংলাদেশের তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী।

'আল শাবাব' সোমালিয়াভিত্তিক সশস্ত্র বিদ্রোহী সংগঠন



# সংসদীয় আসনের সীমানা পুনঃনির্ধারণ



৪ সেপ্টেম্বর ২০২৫ বাংলাদেশ নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সংসদীয় আসনের সীমানা পুনঃনির্ধারণ করে ৩০০ আসনের চূড়ান্ত গেজেট প্রকাশ করে। এর আগে ৩০ জুলাই ২০২৫ সংসদীয় আসনের সীমানার খসড়া প্রকাশ করা হয়। এতে গাজীপুরে একটি আসন বাড়িয়ে ৬টি এবং বাগেরহাটে ১টি আসন কমিয়ে ৩টি করা হয়। এছাড়া আরও ৪৬টি আসনে ছোটখাটো পরিবর্তন আনা হয়।

## ইতিহাস

সংসদীয় আসনের সীমানা পুনঃবিন্যাসের দায়িত্ব নির্বাচন কমিশনের। সংবিধান অনুযায়ী, জনসংখ্যার ভিত্তিতে সংসদীয় আসন পুনঃবিন্যাস করা হয়। স্বাধীনতার পর ১৯৭৩ সালে প্রথম জাতীয় সংসদ নির্বাচন পাকিস্তানের প্রাদেশিক পরিষদের (পূর্ব পাকিস্তান) সীমানা অনুসারে সম্পন্ন হয়। এরপর ২৭ নভেম্বর ১৯৭৮ নির্বাচন কমিশন দেশে ৩০০ আসনে পুনঃবিন্যাস করে গেজেট প্রকাশ করে। এই সীমানা অনুসারে ১৯৭৯ সালে দ্বিতীয় জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৯৮৪ সালে তৃতীয় সংসদ নির্বাচন বৃহত্তর ছয় জেলায় ছয়টি আসন কমিয়ে বৃহত্তর তিন জেলায় পাঁচটি ও পার্বত্য এলাকায় একটি আসন বাড়ানো হয়। এই একই আসন বিন্যাসে ১৯৮৮-২০০১ সালের জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। ২০০৮ সালে ব্যাপকভাবে সীমানা পুনঃবিন্যাস করা হয়। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২০১৮ সালে জাতীয় সংসদের ৩৮টি আসনের সীমানায় পরিবর্তন আনা হয়। সর্বশেষ ২০২৩ সালে দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে ১০টি সংসদীয় আসনের পরিবর্তন আনে নির্বাচন কমিশন।

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৯(গ) নং অনুচ্ছেদে বাংলাদেশ নির্বাচন কমিশনকে জাতীয় সংসদের আসনের সীমানা নির্ধারণের দায়িত্ব দেওয়া হয়। ১২৪নং অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন এই কাজ করবেন আইনের মাধ্যমে। ৪ সেপ্টেম্বর ২০২১ জাতীয় সংসদে 'জাতীয় সংসদের নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ বিল, ২০২১' পাস করা হয়। ১৩ সেপ্টেম্বর ২০২১ রাষ্ট্রপতি বিলে স্বাক্ষর করলে আইনে পরিণত হয়। এই আইনের মাধ্যমে Delimitation of Constituencies Ordinance, 1976 রহিত করে কমিশনকে নতুন কিছু ক্ষমতা দেওয়া হয়।

### FACT FILE

মোট আসন : ৩০০ ▌সবচেয়ে বেশি ➤ বিভাগ : ঢাকা (৭১টি) • জেলা : ঢাকা (২০টি) ▌সবচেয়ে কম ➤ বিভাগ : সিলেট (১৯টি) • জেলা : খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান (১টি) ▌জাতীয় সংসদের ১নং আসন : পঞ্চগড়-১ ▌৩০০নং সংসদীয় আসন : বান্দরবান।

| বিভাগ | আসন সংখ্যা | আসন নং |
|---|---|---|
| রংপুর | ৩৩ | ১-৩৩ |
| রাজশাহী | ৩৯ | ৩৪-৭২ |
| খুলনা | ৩৫ | ৭৩-১০৭ |
| বরিশাল | ২১ | ১০৮-১২৮ |
| ঢাকা | ৭১ | ১২৯-১৩৬<br>১৬১-২২৩ |
| ময়মনসিংহ | ২৪ | ১৩৭-১৬০ |
| সিলেট | ১৯ | ২২৪-২৪২ |
| চট্টগ্রাম | ৫৮ | ২৪৩-৩০০ |

### ৬৪ জেলার সংসদীয় আসন



| ঢাকা বিভাগ | |
|---|---|
| ঢাকা | ২০ |
| টাঙ্গাইল | ৮ |
| গাজীপুর | ৬ |
| কিশোরগঞ্জ | ৬ |
| নারায়ণগঞ্জ | ৫ |
| নরসিংদী | ৫ |
| ফরিদপুর | ৪ |
| শরীয়তপুর | ৩ |
| মাদারীপুর | ৩ |
| গোপালগঞ্জ | ৩ |
| মুন্সীগঞ্জ | ৩ |
| মানিকগঞ্জ | ৩ |
| রাজবাড়ী | ২ |

| রাজশাহী বিভাগ | |
|---|---|
| বগুড়া | ৭ |
| রাজশাহী | ৬ |
| সিরাজগঞ্জ | ৬ |
| নওগাঁ | ৬ |
| পাবনা | ৫ |
| নাটোর | ৪ |
| চাঁপাইনবাবগঞ্জ | ৩ |
| জয়পুরহাট | ২ |

| চট্টগ্রাম বিভাগ | |
|---|---|
| চট্টগ্রাম | ১৬ |
| কুমিল্লা | ১১ |
| নোয়াখালী | ৬ |
| ব্রাহ্মণবাড়িয়া | ৬ |
| চাঁদপুর | ৫ |
| লক্ষ্মীপুর | ৪ |
| কক্সবাজার | ৪ |
| ফেনী | ৩ |
| বান্দরবান | ১ |
| রাঙ্গামাটি | ১ |
| খাগড়াছড়ি | ১ |

| বরিশাল বিভাগ | |
|---|---|
| বরিশাল | ৬ |
| ভোলা | ৪ |
| পটুয়াখালী | ৪ |
| পিরোজপুর | ৩ |
| বরগুনা | ২ |
| ঝালকাঠি | ২ |

| সিলেট বিভাগ | |
|---|---|
| সিলেট | ৬ |
| সুনামগঞ্জ | ৫ |
| হবিগঞ্জ | ৪ |
| মৌলভীবাজার | ৪ |

| ময়মনসিংহ বিভাগ | |
|---|---|
| ময়মনসিংহ | ১১ |
| নেত্রকোণা | ৫ |
| জামালপুর | ৫ |
| শেরপুর | ৩ |

| খুলনা বিভাগ | |
|---|---|
| খুলনা | ৬ |
| যশোর | ৬ |
| কুষ্টিয়া | ৪ |
| ঝিনাইদহ | ৪ |
| সাতক্ষীরা | ৪ |
| বাগেরহাট | ৩ |
| নড়াইল | ২ |
| মাগুরা | ২ |
| চুয়াডাঙ্গা | ২ |
| মেহেরপুর | ২ |

| রংপুর বিভাগ | |
|---|---|
| রংপুর | ৬ |
| দিনাজপুর | ৬ |
| গাইবান্ধা | ৫ |
| কুড়িগ্রাম | ৪ |
| নীলফামারী | ৪ |
| লালমনিরহাট | ৩ |
| ঠাকুরগাঁও | ৩ |
| পঞ্চগড় | ২ |



সোমালিয়া LDC ভুক্ত দেশের তালিকায় যুক্ত হয় ১৯৭১ সালে

# দেশ পরিক্রমা



## ৪ জেলায় পানি সংকট

২৪ আগস্ট ২০২৫ জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটির ১৮তম সভায় পানি আইনের আওতায় দেশে প্রথমবারের মতো চার অঞ্চলকে 'অতি উচ্চ পানি সংকটাপন্ন এলাকা' হিসেবে ঘোষণা করা হয়। একইসঙ্গে টাঙ্গুয়ার হাওর ও হাকালুকি হাওরের জীববৈচিত্র্য রক্ষায় 'হাওর প্রতিবেশ সুরক্ষা আদেশ'-এর খসড়া চূড়ান্ত করা হয়। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ১৭ ও ১৯ এর আলোকে বাংলাদেশের উত্তর-পশ্চিম হাইড্রোলজিক্যাল অঞ্চলের রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলার মোট ২৫টি উপজেলার ২১৫টি ইউনিয়ন (৪,৯১১টি মৌজা)-এর মধ্যে ৪৭টি ইউনিয়নকে (১,৫০৩টি মৌজা) অতি উচ্চ পানি সংকটাপন্ন এলাকা হিসেবে চিহ্নিত করা হয়। একইভাবে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ১৭টি ইউনিয়ন (১০৪টি মৌজা) ও ১টি পৌরসভা (৮টি মৌজা)-এর মধ্যে ৩টি ইউনিয়ন (৭টি মৌজা) এবং ১টি পৌরসভাকে (৫টি মৌজা) অতি উচ্চ পানি সংকটাপন্ন এলাকা হিসেবে চিহ্নিত করা হয়।

## জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিল

২৬ আগস্ট ২০২৫ প্রজ্ঞাপন জারি করে জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিল গঠন করা হয়। ১৪ সেপ্টেম্বর ২০২৫ যা গেজেট আকারে প্রকাশ করা হয়। সুরক্ষা কাউন্সিলের চেয়ারম্যান বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা/প্রধানমন্ত্রী। সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ১৩(২) অনুযায়ী জাতীয় সাইবার সুরক্ষা কাউন্সিলের কার্যাবলি— সাইবার নিরাপত্তা হুমকি দেখা দিলে উহা প্রতিকারের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান • সাইবার নিরাপত্তার অবকাঠামোগত উন্নয়ন ও জনবল বৃদ্ধি এবং মানোন্নয়নের পরামর্শ প্রদান • সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে আন্তঃপ্রাতিষ্ঠানিক নীতি নির্ধারণ • এই অধ্যাদেশ ও তদধীন প্রণীত বিধির যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ • বিধি দ্বারা নির্ধারিত অন্য কোনো কার্য সম্পাদন।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুই বিভাগ একীভূত

৩ সেপ্টেম্বর ২০২৫ সরকার জননিরাপত্তা বিভাগ (Public Security Division) ও সুরক্ষা সেবা বিভাগ (Security Services Division) একীভূত করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় (Ministry of Home Affairs) নামে পুনর্গঠন করে। ১৯ জানুয়ারি ২০১৭ স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে দুই ভাগে ভাগ করা হয়।

- জননিরাপত্তা বিভাগের অধীনে ছিল পুলিশ সদর দপ্তর, বর্ডার গার্ড বাংলাদেশ (BGB), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালস, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার।
- সুরক্ষা সেবা বিভাগের অধীনে ছিল বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।




## ফাইভ-জি'র যুগে বাংলাদেশ

বাংলাদেশে আশির দশকের শেষের দিকে মোবাইলের প্রথম প্রজন্ম, অর্থাৎ ওয়ান-জি প্রযুক্তি আসে। ১২ ডিসেম্বর ২০২১ বাংলাদেশে টেলিটক পরীক্ষামূলকভাবে 5-G চালু করে। ১ সেপ্টেম্বর ২০২৫ দেশের বিভাগীয় শহরগুলোতে বাণিজ্যিকভাবে 5-G'র যাত্রা শুরু করে মোবাইল অপারেটর কোম্পানি রবি এবং গ্রামীণফোন।

- **ফাইভ-জি :** মোবাইল যোগাযোগের পঞ্চম প্রজন্মের প্রযুক্তি 5-G বা Fifth Generation। এই প্রযুক্তি ফোর-জি LTE (Long-Term Evolution) এর পরবর্তী ধাপ।
- **মোবাইল জেনারেশন :** মোবাইল ফোনের ক্রমবর্ধমান ব্যবহার ও উন্নয়নের এক একটি পর্যায় বা ধাপকে মোবাইল ফোনের প্রজন্ম (Generation কে সংক্ষেপে G) বলে।

| জেনারেশন | প্রথম শুরু | বাংলাদেশে শুরু | যে সকল সেবা চালু হয় |
|---|---|---|---|
| First Generation (1G) | ডিসেম্বর ১৯৭৯; জাপান | ১৯৮৯ সালে | — |
| Second Generation (2G) | জুলাই ১৯৯১; ফিনল্যান্ড | ১৯৯৭ সালে | সিম কার্ড, ইন্টারনেট, SMS, MMS, GSM |
| Third Generation (3G) | অক্টোবর ২০০১; জাপান | ১৪ অক্টোবর ২০১২ | মোবাইল ব্যাংকিং, ই-কমার্স |
| Fourth Generation (4G) | এপ্রিল ২০০৬; দক্ষিণ কোরিয়া | ১৯ ফেব্রুয়ারি ২০১৮ | মোবাইল টিভি, 3D ছবি, ব্রডব্যান্ড ইন্টারনেট |
| Fifth Generation (5G) | এপ্রিল ২০১৯; দক্ষিণ কোরিয়া | ১ সেপ্টেম্বর ২০২৫ | 4K টিভি বা ভিডিও |





## বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড

সুষম খাদ্য হিসেবে দুধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি, মান নির্ধারণ ও নিয়ন্ত্রণ, বাজারজাতকরণ এবং সংশ্লিষ্ট বিষয়াবলির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য একটি বোর্ড প্রতিষ্ঠা করার লক্ষ্যে ২৫ অক্টোবর ২০২৩ জাতীয় সংসদে বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড বিল, ২০২৩ পাস হয়। এরপর ২৮ আগস্ট ২০২৫ সরকার 'বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০২৩' কার্যকর এবং ডেইরি বোর্ড গঠনের গেজেট জারি করে।

ইংরেজি নাম : Bangladesh Dairy Development Board • আইন পাস : ২৫ অক্টোবর ২০২৩ • আইনে রাষ্ট্রপতির স্বাক্ষর : ১৩ নভেম্বর ২০২৩ • গেজেট প্রকাশ : ২৮ আগস্ট ২০২৫ • আইন কার্যকর : ১ সেপ্টেম্বর ২০২৫ • গঠন : ২৬ আগস্ট ২০২৫ • সংস্থার ক্যাটাগরি : সংবিধিবদ্ধ সরকারি সংস্থা • যে মন্ত্রণালয়ের অধীন : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় • পরিচালনা পর্ষদের চেয়ারম্যান : মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

## নতুন ৫ আনসার ব্যাটালিয়ন



নতুন করে ৫টি আনসার ব্যাটালিয়ন গঠন করবে সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাংগঠনিক কাঠামোতে নতুন করে ৫টি আনসার ব্যাটালিয়ন গঠনের জন্য রাজস্ব খাতে স্থায়ীভাবে ২০টি ক্যাডার পদসহ মোট ২,১২৫টি পদ সৃষ্টির প্রস্তাব করে। প্রতিটি ব্যাটালিয়নে ৪২৫ জন করে আনসার সদস্য দায়িত্ব পালন করবেন। নতুন এই ৫টি আনসার ব্যাটালিয়নকে পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প এলাকা, কক্সবাজারের উখিয়া, ঢাকা ও চট্টগ্রাম মহানগর এবং বরিশাল বিভাগে মোতায়েন করা হবে। উল্লেখ্য, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সারা দেশে একটি গার্ড ব্যাটালিয়ন ও দুটি মহিলা ব্যাটালিয়নসহ মোট ৪২টি আনসার ব্যাটালিয়ন রয়েছে।

## ভোলায় গ্রিন ইকোনমিক জোন

২৬ আগস্ট ২০২৫ ভোলা ইকো ডেভেলপমেন্ট ইকোনমিক জোনের জন্য চীনকে অনুমোদন দেয় অন্তর্বর্তী সরকার। দেশের সমুদ্র উপকূলীয় দ্বীপ জেলা ভোলার সদর উপজেলায় ১০২.৪৬ একর জমিতে নির্মিত হবে এই অর্থনৈতিক অঞ্চল। বরিশাল বিভাগের প্রথম অর্থনৈতিক অঞ্চল হবে এটি। এর নাম দেওয়া হয় 'ভোলা ইকো ডেভেলপমেন্ট ইকোনমিক জোন।' ২৫ আগস্ট ২০২৫ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনে চীনের লিজ ফ্যাশন ইন্ডাস্ট্রিজ লিমিটেডকে প্রাথমিক অনুমোদন বা প্রি-কোয়ালিফিকেশন লাইসেন্স দেয় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)।

## ত্রয়োদশ সংসদ নির্বাচন রোডম্যাপ



২৮ আগস্ট ২০২৫ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কর্মপরিকল্পনা বা রোডম্যাপ ঘোষণা করে নির্বাচন কমিশন (EC)। ইসি আগেই জানিয়েছে, ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। রোডম্যাপ অনুযায়ী উল্লেখযোগ্য কিছু বিষয়—

- **দল ও অংশীজনদের সঙ্গে সংলাপ :** সেপ্টেম্বরের শেষ সপ্তাহে শুরু। শেষ হতে সময় লাগবে দেড় মাস।
- **ভোটার তালিকা হালনাগাদ :** ইতিমধ্যে দ্বিতীয় ধাপের সম্পূরক খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়, যা চূড়ান্ত হয় ৩১ আগস্ট ২০২৫ আর ৩১ অক্টোবরের সম্পূরক তালিকা শেষে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ৩০ নভেম্বর ২০২৫।
- **নির্বাচনি আইনবিধি :** গণপ্রতিনিধিত্ব আদেশ (RPO), অন্যান্য আইনবিধি সংশোধনের প্রস্তাব ও প্রণয়ন। এ ছাড়া সংসদীয় আসনের সীমানা নির্ধারণ আইন সংশোধন, ভোটার তালিকা আইন সংশোধন, সংসদ নির্বাচনের ভোটকেন্দ্র নীতিমালা ও ব্যবস্থাপনা চূড়ান্ত, দেশি-বিদেশি পর্যবেক্ষক ও সাংবাদিক নীতিমালা চূড়ান্ত, নির্বাচন পরিচালনা (সংশোধন) ২০২৫ প্রতীকসহ, নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন ১৯৯১, নির্বাচন কমিশন সচিবালয় আইন ২০০৯-এগুলো আইন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন, যা ৩০ সেপ্টেম্বরের মধ্যে শেষ হওয়ার আশা।
- **রাজনৈতিক দল নিবন্ধন :** মধ্য সেপ্টেম্বর প্রাথমিক নিবন্ধন ও সেপ্টেম্বরের মধ্যে চূড়ান্ত প্রজ্ঞাপন।
- **সীমানা নির্ধারণ :** সেপ্টেম্বরের শুরুতে চূড়ান্ত করে গেজেট প্রকাশ আর ৩০ সেপ্টেম্বরের মধ্যে জিআইএস ম্যাপ প্রস্তুত ও প্রকাশ।
- **পোস্টাল ভোটিং ও ব্যালট :** প্রকল্প অনুমোদন, সফটওয়্যার চূড়ান্ত, মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট, নিবন্ধন ও ট্র্যাকিং মডিউল, প্রচারণা অক্টোবরে সম্পন্ন। প্রবাসে নভেম্বরে ব্যালট পেপার পাঠানো। কারাবন্দীদের ভোটের দুই সপ্তাহ আগে পাঠানোর পরিকল্পনা।
- **পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন :** নির্বাচনের স্বচ্ছতা ও নিরপেক্ষতা পর্যবেক্ষণের জন্য দেশীয় সংস্থাগুলোর নিবন্ধন কার্যক্রমও এগিয়ে চলছে। ১৫ নভেম্বরের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্য নির্ধারণ করে ইসি।

### ১৬ বছরেই NID

৯ সেপ্টেম্বর ২০২৫ নির্বাচন কমিশন (EC) জানায়, যাদের বয়স ১৬ বছর পূর্ণ হবে তাদেরই জাতীয় পরিচয়পত্র (NID) দেওয়া হবে। বছরের যে কোনো সময় ১৬ বছর পূর্ণ হলেই NID'র জন্য নিবন্ধনের আবেদন করা যাবে। তবে এরা শুধু অনলাইন কপি পাবে আর ১৮ বছর পূর্ণ না হওয়ায় ভোট দিতে পারবে না।



# বিশ্ব পরিক্রমা

## স্কুলে স্মার্টফোন নিষিদ্ধ

২৭ আগস্ট ২০২৫ দক্ষিণ কোরিয়ার স্কুলে স্মার্টফোন ও স্মার্ট ডিভাইস ব্যবহার নিষিদ্ধ করে জাতীয় পরিষদে বিল পাস হয়। পাস হওয়া বিলটি ১ মার্চ ২০২৬ থেকে কার্যকর হবে। দক্ষিণ কোরিয়ার নতুন আইন অনুযায়ী, শিক্ষকরা শুধু ক্লাসে নয়, স্কুল প্রাঙ্গণের যেকোনো জায়গায় ফোন ব্যবহার নিয়ন্ত্রণ করতে পারবেন। তবে প্রতিবন্ধী শিক্ষার্থীরা প্রয়োজনীয় সহায়ক প্রযুক্তি ব্যবহার করতে পারবেন। জরুরি অবস্থা ও শিক্ষামূলক কাজেও ছাড় দেওয়া হবে। এর আগে ফ্রান্স ও ফিনল্যান্ড আংশিক নিষেধাজ্ঞা আরোপ করে, মূলত কম বয়সি শিক্ষার্থীদের লক্ষ্য করে। ইতালি, নেদারল্যান্ডস ও চীন তুলনামূলকভাবে কঠোর বিধিনিষেধ চালু করেছে। অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া ও নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যে স্কুলের সব স্তরে ফোন ব্যবহার নিষিদ্ধ।

## দিনে দুই ঘণ্টা মোবাইল জাপানে!

স্মার্টফোনে আসক্তি কমাতে অভিনব এক কৌশল খাটানোর প্রস্তুতি নিচ্ছে জাপান। কর্মক্ষেত্র ও বিদ্যালয়ের বাইরে প্রতিদিন সর্বোচ্চ দুই ঘণ্টার বেশি মোবাইল ব্যবহার করা যাবে না। এমনই এক প্রস্তাবের খসড়া অধ্যাদেশ প্রস্তাব করা হয়। দেশটির কেন্দ্রীয় অঞ্চলের টয়োআকে শহরে সময়োপযোগী এই উদ্যোগ নেওয়ার পরিকল্পনা চলছে। খসড়া অধ্যাদেশ পাস হলে ২০২৫ সালের অক্টোবর থেকে কার্যকর হবে। মোবাইল ব্যবহারের এই নিয়ম বাধ্যতামূলক নয়। পাশপাশি কোনো শাস্তির বিধানও রাখা হয়নি।

## অভিবাসীদের নাউরু পাঠাতে চুক্তি

২৯ আগস্ট ২০২৫ প্রশান্ত মহাসাগরীয় দেশ নাউরুতে অভিবাসীদের পাঠিয়ে দিতে একটি চুক্তি স্বাক্ষর করে অস্ট্রেলিয়া। চুক্তিতে বলা হয় অস্ট্রেলিয়ায় থাকার আইনি কোনো অধিকার নেই-এমন ব্যক্তিরা নাউরু যাওয়ার পর যথাযথ চিকিৎসা এবং দীর্ঘমেয়াদি বসবাসের নিশ্চয়তা পাবেন। অস্ট্রেলিয়া এক্ষেত্রে নাউরুকে চুক্তির আওতায় ৪০ কোটি ৮০ লাখ অস্ট্রেলিয় ডলার এবং তারপর থেকে প্রতি বছর প্রায় ৭০ মিলিয়ন অস্ট্রেলিয় ডলার দিবে।

## সুদানে ভূমিধসে পুরোপুরি ধ্বংস

কয়েকদিন ধরে ভারী বৃষ্টিপাতের পর ৩১ আগস্ট ২০২৫ মধ্য দারফুরের মারাহ পর্বতমালায় অবস্থিত তারাসিন গ্রাম সম্পূর্ণরূপে মাটির সঙ্গে মিশে গেছে। ভয়াবহ ভূমিধসের জেরে তারাসিন গ্রামে কেবল একজন মানুষ বেঁচে আছে। ডক্টরস উইদাউট বর্ডারস দাতব্য সংস্থাটি এই অঞ্চলটিকে 'ব্ল্যাক হোল' হিসেবে বর্ণনা করেছে।

## ক্যান্সার ভ্যাকসিনের সফল পরীক্ষা

ক্যান্সার গবেষণায় নতুন মাইলফলক অর্জনের ঘোষণা দিয়েছে রাশিয়া। রাশিয়ার বিজ্ঞানীরা mRNA প্রযুক্তি ব্যবহার করে উদ্ভাবন করেন নতুন এক ক্যান্সার ভ্যাকসিন, নাম দেন এন্টেরোমিক্স। এই ভ্যাকসিন মানবদেহে প্রয়োগে শতভাগ কার্যকর এবং নিরাপদ হিসেবে দাবি উদ্ভাবকদের। ভ্যাকসিনটি রাশিয়ায় তিন বছরের প্রাক-ক্লিনিকাল পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হয়। প্রাথমিকভাবে এই ভ্যাকসিনটি কোলন ক্যান্সারের চিকিৎসায় ব্যবহার করা হবে।

## প্রথম নারী মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রী



৫ সেপ্টেম্বর ২০২৫ যুক্তরাজ্যের মন্ত্রিসভায় প্রথম নারী মুসলিম স্বরাষ্ট্রমন্ত্রী নিযুক্ত হন শাবানা মাহমুদ। এর আগে শাবানা মাহমুদ ৫ জুলাই ২০২৪ প্রথমবারের মতো মুসলিম নারী হিসেবে আইন ও বিচার মন্ত্রণালয়ের দায়িত্ব পান। উল্লেখ্য, প্রথম মুসলিম নারী মন্ত্রী হিসেবে নুস ঘানি ৯ জানুয়ারি ২০১৮ যুক্তরাজ্যের মন্ত্রিসভায় যুক্ত হন।

- **প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী :** উইলিয়াম পেটি ফিটজমৌরিস (২৭ মার্চ ১৭৮২-১০ জুলাই ১৭৮২)
- **প্রথম নারী স্বরাষ্ট্রমন্ত্রী :** জ্যাকি স্মিথ (২৮ জুন ২০০৭-৫ জুন ২০০৯)

## বিশ্বের প্রথম AI মন্ত্রী



১১ সেপ্টেম্বর ২০২৫ বিশ্বের প্রথম দেশ হিসেবে আলবেনিয়া কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) সম্পন্ন মন্ত্রী নিয়োগ দেয়। কোড ও পিক্সেল দিয়ে তৈরি 'ডিয়েলা' নামের এই মন্ত্রী মূলত ভার্চুয়াল চ্যাটবট। আলবেনিয়ান ভাষায় যেটির অর্থ সূর্য। সরকারি কেনাকাটায় তদারকি এবং সরকারি ব্যয়ে দুর্নীতি কমাতে সাহায্য করতে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হয় ডিয়েলাকে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের তথ্য অনুযায়ী, ২০১২ সাল থেকেই আলবেনিয়ায় দুর্নীতির গ্রাফ ওঠানামা করছে। বিশ্বে দুর্নীতির র‍্যাংকিংয়ে ২০২৪ সালে দেশটির অবস্থান ছিল ৮০তম।





## ঐতিহ্যবাহী 'পারসিয়ানা' সাময়িকী বন্ধ



ভারতের মুম্বাই থেকে ৬০ বছরের বেশি সময় ধরে পারসি সম্প্রদায়ের সাময়িকী 'পারসিয়ানা' প্রকাশিত হচ্ছে। ২০২৫ সালের আগস্টে ঘোষণা করা হয় ঐতিহ্যবাহী সাময়িকীটি ২০২৫ সালের অক্টোবর থেকে আর প্রকাশ করা হবে না। ১৯৬৪ সালে পেস্টনজি ওয়ার্ডেন ইংরেজি ভাষায় সাময়িকীটি প্রকাশ করা শুরু করেন। ১৯৭৩ সালে মাত্র এক রুপিতে সাময়িকীটি কিনে নেন সাংবাদিক জেহাঙ্গীর প্যাটেল। ১৯৮৭ সালে আন্তঃধর্মীয় বিয়ের বিজ্ঞাপন ছাপিয়ে সাময়িকীটি আলোড়ন তৈরি করে।

## আফগানিস্তানে ভূমিকম্প

৩১ আগস্ট ২০২৫ পাকিস্তান সীমান্তের কাছে পূর্ব আফগানিস্তানে ৬.০ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল কুনার প্রদেশের নুরগাল জেলায়। এ পর্যন্ত সর্বশেষ সরকারি হিসাব অনুযায়ী মৃতের সংখ্যা ২,২০৫ জনে দাঁড়িয়েছে। আহত হয়েছেন অন্তত ৩,৬৪০ জন।

## তুরস্কের আকাশ প্রতিরক্ষা স্টিল ডোম

২৭ আগস্ট ২০২৫ তুরস্কের সামরিক বাহিনীতে যুক্ত হয় 'স্টিল ডোম' আকাশ প্রতিরক্ষাব্যবস্থা। কয়েক স্তরের সমন্বিত এই আকাশ প্রতিরক্ষাব্যবস্থা আনুষ্ঠানিকভাবে সামরিক বাহিনীর কাছে হস্তান্তর করেন দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। 'স্টিল ডোম' আকাশ প্রতিরক্ষাব্যবস্থা তৈরিতে নেতৃত্ব দিচ্ছে তুরস্কের অন্যতম প্রতিরক্ষা কোম্পানি আসেলসান।

- **স্টিল ডোম :** সাধারণত রাডার, কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টার ও ভ্রাম্যমাণ ক্ষেপণাস্ত্র ফায়ারিং ব্যবস্থার সমন্বয়ে একটি আকাশ প্রতিরক্ষা ইউনিট হয়ে থাকে। তবে 'স্টিল ডোম' একক কোনো আকাশ প্রতিরক্ষাব্যবস্থা নয়। এটি তুরস্কের স্বল্প, মাঝারি ও দূরপাল্লার কয়েক স্তরের আকাশ ও রাডার ব্যবস্থার একটি সমন্বিত রূপ। স্টিল ডোমকে তুরস্কের আকাশ 'নিরাপত্তা বলয়' হিসেবে অভিহিত করা হচ্ছে।

## ভারতের নৌ বহরে দুটি রণতরী

ভারতের নৌবাহিনীর বহরে INS হিমগিরি ও INS উদয়গিরি নামের দুটি রণতরী যুক্ত করা হয়। ২৬ আগস্ট ২০২৫ দেশটির প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের উপস্থিতিতে এক অনুষ্ঠানে ওই দুই রণতরীকে নৌবাহিনীতে কমিশন করা হয়। ভারতের নিজস্ব প্রযুক্তিতে তৈরি নীলগিরি-ক্লাসের স্টিলথ রণতরী দুটি প্রোজেক্ট ১৭ আলফার (পি-১৭এ) অংশ। ২০২৫ সালের শুরুতে দেশটির নৌবাহিনীর বহরে আইএনএস নীলগিরিকে যুক্ত করা হয়।

## ইন্টিগ্রেটেড অস্ত্রের সফল পরীক্ষা

২৩ আগস্ট ২০২৫ ভারতের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (DRDA) ওড়িশা উপকূলে একটি সমন্বিত বিমান প্রতিরক্ষা অস্ত্র ব্যবস্থা (IADWS)-এর প্রথম সফল পরীক্ষামূলক উড্ডয়ন পরীক্ষা করে। আধুনিক ইন্টিগ্রেটেড এয়ার ডিফেন্স ওয়েপন সিস্টেম (IADWS)-এর মধ্যে রয়েছে দ্রুত প্রতিক্রিয়াশীল সারফেস-টু-এয়ার মিসাইল (QRSAM), খুব কাছের দূরত্বে প্রতিরক্ষার জন্য ভিশরাডস (VSHORADS) এবং সবচেয়ে আলোচিত হাই-পাওয়ার লেজার অস্ত্র।

## ভারতকে মোকাবিলায় রকেট কমান্ড



১৩ আগস্ট ২০২৫ পাকিস্তানের ৭৮তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ নতুন এক সামরিক কাঠামো ঘোষণা করেন। দেশটির সেনাবাহিনীতে গড়ে তোলা হয়েছে আর্মি রকেট ফোর্স কমান্ড (ARFC)। এটি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সব দিক থেকে শত্রুকে আঘাত হানতে সক্ষম। ওই ঘোষণার মাত্র এক সপ্তাহ পর ভারত দক্ষিণ-পূর্বাঞ্চলীয় রাজ্য ওডিশা থেকে 'অগ্নি-৫' মধ্যমপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায়।

## সৌদি-পাকিস্তান ঐতিহাসিক চুক্তি



১৭ সেপ্টেম্বর ২০২৫ পাকিস্তান ও সৌদি আরব নিরাপত্তা ও প্রতিরক্ষা সংক্রান্ত বিষয়ে পারস্পরিক সহযোগিতার জন্য 'কৌশলগত পারস্পরিক প্রতিরক্ষা চুক্তি' (Strategic Mutual Defence Agreement–SMDA) স্বাক্ষর করে। সৌদি আরবের রাজধানী রিয়াদে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এই চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির আওতায় বলা হয়, যেকোনো এক দেশের ওপর হামলাকে উভয়ের ওপর আক্রমণ হিসেবে গণ্য করা হবে। এই চুক্তি শুধু মধ্যপ্রাচ্য নয়, দক্ষিণ এশিয়ার ভূ-রাজনৈতিক বাস্তবতায়ও নতুন মাত্রা যোগ করেছে। পাকিস্তান ও সৌদির প্রতিরক্ষা সহযোগিতা শুরু হয় ১৯৬৭ সালে। ১৯৭৯ সালে মসজিদুল হারামের দখল সংকট মোকাবিলায় পাকিস্তানি বিশেষ বাহিনী সৌদি সেনাদের সহায়তা করে। ১৯৮২ সালে দ্বিপাক্ষিক নিরাপত্তা সহযোগিতা চুক্তির মাধ্যমে পাকিস্তানি প্রশিক্ষক ও সেনাদের সৌদি আরবে আনুষ্ঠানিকভাবে মোতায়েনের সুযোগ সৃষ্টি হয়। একই সঙ্গে সৌদি আরব পাকিস্তানি অস্ত্রের বড় ক্রেতায় পরিণত হয়।

# ছাত্র সংসদ নির্বাচন ২০২৫

## ডাকসু

১ জুলাই ১৯২১ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯২৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (Dacca University Student's Union) গঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (DUSU) নামে প্রথম ভোট হয় ১৯২৪-২৫ শিক্ষাবর্ষে। এরপর ১৯৫৩ সালে গঠনতন্ত্র সংশোধনের মাধ্যমে নাম পরিবর্তন করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (DUCSU) রাখা হয়। এখন পর্যন্ত ছাত্র সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয় মাত্র ৩৮ বার। ১৯৭০ সালে শুরু হয় সরাসরি শিক্ষার্থীদের ভোটে ছাত্র সংসদের প্রার্থীদের নির্বাচিত করা। ৯ সেপ্টেম্বর ২০২৫ এ ৩৮তম ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়।


ভিপি
আবু সাদিক কায়েম


জিএস
এস এম ফরহাদ


এজিএস
মুহা. মহিউদ্দীন খান

| ক্যাটাগরি | ভিপি | জিএস |
|---|---|---|
| প্রতিষ্ঠাকালীন | মমতাজ উদ্দিন আহমেদ | যোগেন্দ নাথ সেনগুপ্ত |
| নির্বাচিত প্রথম | আ স ম আবদুর রব | আব্দুল কুদ্দুস মাখন |
| স্বাধীনতা পরবর্তীতে প্রথম | মুজাহিদুল ইসলাম সেলিম | মাহবুব জামান |
| সর্বশেষ | নুরুল হক নুর | গোলাম রাব্বানী |
| প্রথম নারী | বেগম জাহানারা আখতার | মতিয়া চৌধুরী |

**FACT FILE** মোট ভোটার ৩৯,৭৭৫ ➤ ছাত্র ২০,৮৭৩ ও ছাত্রী ১৮,৯০২ • মোট পদ ২৮ • চূড়ান্ত প্রার্থী ৪৭১ ➤ পুরুষ ৪০৯ ও নারী ৬২ • হল সংসদে ➤ মোট পদ ২৩৪টি • মোট প্রার্থী ১,০৩৫।

## জাকসু

১২ জানুয়ারি ১৯৭১ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে প্রথম ও সর্বশেষ ১৯৯২ সালে জাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। দীর্ঘ ৩৩ বছর পর ১০ম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (JUCSU) নির্বাচন ১১ সেপ্টেম্বর ২০২৫ অনুষ্ঠিত হয়।


ভিপি
আব্দুর রশিদ জিতু


জিএস
মো. মাজহারুল ইসলাম

| ক্যাটাগরি | ভিপি | জিএস |
|---|---|---|
| প্রতিষ্ঠাকালীন | গোলাম মোর্শেদ | শাহ বোরহান উদ্দিন রোকন |
| সর্বশেষ | মাসুদ হাসান তালুকদার | শামসুল তাবরীজ |

**FACT FILE** মোট ভোটার ১১,৯১৯ ➤ ছাত্র ৬,১০২ ও ছাত্রী ৫,৮১৭ • মোট পদ ২৫ • চূড়ান্ত প্রার্থী ১৭৮ ➤ পুরুষ ১৩২ ও নারী ৪৬ (সংরক্ষিত ৬টি) • মোট হল ২১ (১০টি মেয়েদের) • হল সংসদে ➤ মোট পদ ৩১৫ • মোট প্রার্থী ৪৪৫।


এজিএস
ফেরদৌস আল হাসান


এজিএস
আয়েশা সিদ্দিকা মেঘলা

## চাকসু

১৮ নভেম্বর ১৯৬৬ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৭০ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (CUCSU) প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। সর্বশেষ নির্বাচন হয় ১৯৯০ সালে। ১২ অক্টোবর ২০২৫ অনুষ্ঠিত হবে ৭ম চাকসু নির্বাচন।

| ক্যাটাগরি | ভিপি | জিএস |
|---|---|---|
| প্রতিষ্ঠাকালীন | মোহাম্মদ ইব্রাহিম | মো. আবদুর রব |
| সর্বশেষ | নাজিম উদ্দিন | আজিম উদ্দিন |

**FACT FILE** মোট ভোটার ২৭,৬৩৪ • মোট পদ ২৩২ • ছাত্র সংসদে ২৬টি ও হল সংসদে ২০৬টি পদ • ছাত্র সংসদে প্রার্থী : ৪২৯ • ১৪টি হল ও ১টি হোস্টেল রয়েছে।

## রাকসু

৬ জুলাই ১৯৫৩ প্রতিষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম রাকসু নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৬২ সালে। সর্বশেষ রাকসু নির্বাচন হয় ১৯৮৯ সালে। ২৫ সেপ্টেম্বর ২০২৫ রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (RUCSU) নির্বাচন অনুষ্ঠিত হয়।

| ক্যাটাগরি | ভিপি | জিএস |
|---|---|---|
| প্রতিষ্ঠাকালীন | মো. মনিরুজ্জামান মিয়া | মো. আব্দুর রাজ্জাক খান |
| সর্বশেষ | রুহুল কবির রিজভী | রুহুল কুদ্দুস বাবু |

**FACT FILE** মোট ভোটার ২৮,৯০৮ ➤ ছাত্র ১৭,৬০৩ ও ছাত্রী ১১,৩০৫ • মোট পদ ২৮টি • চূড়ান্ত প্রার্থী রাকসুতে ২৫৫ এবং সিনেটে ৬০ • প্রতি হল সংসদে পদ ১৫টি • হল সংসদে মোট প্রার্থী ৬০৩। —প্রথম নারী শিক্ষার্থী হিসেবে ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন তাসিন খান।



উগান্ডা স্বাধীনতা লাভ করে ৯ অক্টোবর ১৯৬২

